## ইংলওের ইতিহাস।

উভুদেব মুখোপাধ্যায় কর্ত্ক



एगनी।

दूरभानस यट्ड

জীকাশীনাথ ভট্টাচার্য্য ছারা মুদ্রিত।

गन :२५३ माल।

मृलः अकृ होका भाज।


## বিজ্ঞাপন।

একণে ইংলণ্ডীয়দিগের সহিত আমাদিগের এমত নিকট সম্বন্ধ হইয়াছে যে অনেকাংশেই উভয় জাতির সুখ, ছু:খ, সমৃদ্ধি, হ্রাস, গোরব ও অপমান একই কারণ ছইতে সমুদ্ত হইয়া থাকে। সত্রাং উভরেরই উভরের গুণদোষ পরিচিত হওয়। সবিশেয আবশ্যক বলিয়া বোধ হয়। কিন্তু কোন দেশীয় লোকের জাতীয় প্রকৃতি তজ্জাতীয় ইতিহত হারা যেনন স্পাইজপে প্রতীয়মান হইতে পারে আর কোন উপায়ের দারাই তেমন হয় না। বিশেষতঃ ইংলগ্রীয় ইতিহাস প্রাঠ দারা সে রাজনিয়ম ও রাজ্য-শাসনের সুপ্রণানী সমস্ত সর্বাপেকা উৎক্রফতর क्रां क्रमग्रक्रम श्रेटि शीरत श्रेट्रं क्रमकलाई चीकांत করিয়া থাকেন। এন্থ বাহুল্য ভয়ে তৎসংক্রান্ত অনেকানেক প্রয়োজনীয় বিষয়ও পরিত্যাগ করিতে ছইয়াছে, এবং তজ্জন্য পাঠকবর্গের নিকট ক্ষমা প্রার্থন, করা আবশ্যক।

যে সকল জগদ্বিখ্যাত পণ্ডিত বর্গের প্রয়য়ে ইংলঞ্জীল ভাষা ইহার আধুনিক পূর্ণাবস্থা প্রাপ্ত হইরাছে—বে সকল ক্ষমতাবান্ এবং বুদ্ধিজীবী ব্যক্তি
ব্যহের কেশিলে ইংলণ্ডের শিন্পকার্য জন্য সর্বা-

দেশের শিশপকার্য্য অপেকা। সম্বিক গৌরবান্থিত ইইরাটে—বে রূপে কালক্রমে এবং জগদীশ্বরের প্রসাদে ক্রমশঃ ইংলঞ্ডীরদিগের বৈদেশিক অধিকার
সমস্ত সন্বর্ধিত ইইরা উঠিয়াছে সেই সকল বিষয়ের
প্রকৃত প্রস্তাবে কিছু মাত্র বর্ণন করিতে পারাধার
নাই বলিলেই হয়। কলতঃ এই কুদ্র প্রস্কে ইংলশ্রীর ইতিহাসের রাজকার্য্য,-সংক্রান্ত কতকগুলি প্রধান্য ঘটনামাত্রের সংক্রেপে উল্লেখ করিতে
পারাগিয়াছে। কিন্তু ইহাপাঠ করিলেও ইতিহাস
পাঠের অন্ততঃ প্রথমোল্লিখিত উদ্দেশ্যী সাধন
হইতে পারিবে, এই আশারে পুস্তক মুদ্রিত ও প্রচাবিত করাগেল।

১৮৬২সাল। } ং হৈ অগফ }



ৃষ্টিংলভের প্রাকৃতিক অবস্থা এবং পূর্ববৃত্তান্ত—সীজনের
আগমন—রোমকাধিকার—সাকসন্দিগের আগমন—তাহাদিগের
ভাতীয় প্রকৃতি এবং ধৃত ধর্মে দীক্ষা—তেন্দিগের দৌরাজ্য
—নক্ষান্দিগের আগমন।]

ইউরোপের মানচিত্রের বান্নুকোণে যে একটি অপেকাকত রহদাকার দ্বীপ দৃষ্ট হয় তাহারই এক ভাগের নাম ইংলও। এ দ্বীপ ইংরেজনিগের নিবাস ভূমি। দ্বীপমাত্রেরই বান্নু প্রায় সমনীতোক্ত হইয়া থাকে, ইংলওেরও সেইরূপ। এই দেশের ভূমি নিতান্ত অনুক্রোবোধ হয় না, কিন্তু কোথাও এমত উর্ক্রাও নয় যে, তদ্দোবাসীদিগের যথেষ্ট আয়াস ব্যতিরেকে সমূহ কলদায়িনী হয়। ইহার উপকুল

×

ভাগে অনেক সাগরশাখা প্রবিষ্ট ইইয়াছে এবং ইহাতে সনাব্য \* নদীও অনেক আছে। সভরাং এই দেশ বণিক্ইতির পক্ষে বিলক্ষণ উপযোগী। এখানকার আক্রিকের মধ্যে পাথরিয়। কয়লা, লৌহ এবং টন প্রধান; আর উদ্ভিত্তর দুগো ওকরক্ষ সাতিশয় প্রদিদ্ধ; ইহার ক্ষাঠ্যারা দুঁটুতর অণ্ব-হান প্রস্থৃত হইয়াথাকে।

যাবৎকাল ইংলও দেশে নিতান্ত অলসফভাব, কবি ও বণিক্রতি পরাঙ্মুখ, অর্থধান প্রস্তুত করণে অশক্ত, কিন্তু সাহসী, ধর্মপরায়ণ এবং সংগ্রান্দানুর ক্ত কেন্ট † জাতির বাস ছিল, তাবংকাল এই দেশের কোন হতান্তই প্রাপ্ত হওয়া যায় না। কেবল এই মাত্র জ্ঞত হওয়া যায় দেশ, প্রাচীন ফিনিসীয় এবং কার্থেজীয় বণিকেরা কথনহ এইদেশে বাণিজ্জার্থে আগসন করিত এবং এখানকার টিন, লোহ, উণা প্রভৃতি পণজ্বর গ্রহণ করিয়া তরিনিময়ে কাচ, পিত্রলাদি নানাবিধ সাম্প্রী প্রদান করিয়া হাইত। তাহার বক্তকলে পরে যথন লোকরা আপনাদিশের সাম্প্রাজ্য বিস্তার করে তথন তাহাদিশের সেনাপত্তি জ্যবিখ্যাত জ্লিয়স্ সীজর সমুদায় গল্দেশ ই জয়

<sup>#</sup> विम्म, भवन शुक्रि।

<sup>†</sup> কেন্টে জাডীয়ের। ককেসীয় বর্শক্ত এবং পূর্বকালে। সমুগায় ইউরোপ থওে ব্যাপ্ত ছইয়াছিল।

<sup>🕽</sup> कारभद्र शृद्ध नःम पत्र दिता।

করির। ৫৬ পৃঃ খৃঃ অন্দে ইংলগু আক্রমণ করিতে আইসেন। তিনি কেউক প্রদেশের উপকূলে অব-তীর্ণ হইয়া দেখিলেন ফে, তদ্দেশবাসিগণ পদাতি, অখারোহী এবং রথারড় ছইয়া নানা অস্ত্র-শস্ত্র ধারণ পৃর্বাক তাঁহার সহিত মৃদ্ধার্থ প্রস্তুত হইয়া আছে; কিন্তু সীজ্বরের রণপাণ্ডিত্যে এবং তাঁহার সৈনগণের সনিকাণ্ডণে ঐ আদিন নিবাসীদিগের সকল প্রাত্র এবং সাহস ব্যর্থ হইয়া গেল। সীজর উহাদিগকে পরাজয় করিয়া প্রতিগমন করিলেন। ইহার পর তিনি আর একরার ইংলগ্রে আইসেন এবং রোমকাধিকার পূর্বাপেলাও স্ববিস্তৃত করিয়া হান।

গে সময়ের কথা হইতেছে সেই সময়ে ইংলগু দীপের নাম রটেন ছিল এবং তদ্দেশবাসীদিগকে রটন্ † বলিত। সীজর ও অপরাপর রোমক প্রন্কারের। লিখিয়া গিয়াছেন সে, তথন রটন
দীপ নিবিজ্ অরণো আছেন ছিল এবং তথাকার
লোকসকলও অতান্ত অসভা ছিল। তাহার: রক্ষের
দ্বক বা বনা পশুর চর্মারারা যথা কথঞ্জিংরপে আপনাদিগের শারীর আবরন করিত। গাতে রক্ত, কন্ধে,
পীত, হরিতাদি বর্ণ বিলিপ্ত করিয়া সংশ্রাম স্থানে
ঘোর রূপ ধারণ করিবার নিমিত প্রয়াস পাইত।

<sup>#</sup> बहे अदिन है । जा का चारता के बहिन ।

<sup>‡</sup> প্রতিত আছে ক্রট্বা ক্রিট্নামক কোম ব)কি কাতৃ ক প্রথমে এইছীপে মনুষ্যের স্থার হয়।

কুদ্র কার্ত্বতে চর্মারত করিয়া সরিৎ ও জলাকীর্ণ ভূমি সমস্ত উত্তীর্ণ হইবার উপবোগী ভেলক প্রস্তুত করিত। বস্তুত: ক্রবি ও বাণিজ্ঞা দ্বারা যে সকল প্রয়োজনীয় এবং স্থোপভোগের সামগ্রী প্রস্তুত হয় थे इष्टेन्निराद मधा छ श्वांत किहूरे छिल मा। কিন্তু তথনও রটনের। সর্বাত্র এই প্রকার ছিল না। দক্ষিণ ভাগে, বিশেষতঃ কেন্ট প্রানেশে যাহার৷ বাস করিত তাহাদিগের মধ্যে পাশুপাল্য, কোথাও২ র বি এবং হৎ কিঞ্চিৎ বনিক ব্যাপারের প্রথাও প্রচলিত হইয়া ছিল। তথন রটেনের বত অন্তর্গা যাওয়া মাইত ততই অসভাতার তিমির ক্রমশৃঃ গাঢ়তর বোধ হইত এবং যত উপকূল ভাগে আগমন কর। যাইত, ততই সভ্যতার অপরিক্ষুট আলোক কি-ঞিএ দৃষ্টি গোচর ছইত। এমন বন্যদশাপন্ন লোকের মধ্যে যে কিরূপ শাসন-প্রণালী প্রচলিত ছিল তাহা স্থানিশ্চিতরূপে অবধারিত হয় না: এই পর্যান্ত অবগতি আছে গে, রটনেরা অসংখ্য ক্ষুদ্রহ জাতিতে বিভক্ত হইয়া একংটা জাতি একং জন শা-সনকর্ত্রার অধীনে বাস করিত। ইহানিগের ধর্মা প্রণা-লীও অন্যান্য জাতির ধর্মপ্রণানী হইতে অধিক ভিন্ন ছিল ন।। ইহানিগের মধ্যে ডুইড্ নামে এক-টী যাজক সম্পুদায় ছিল। তাহার। রাজাদিগের অপেকাও সমধিক পরাক্রমশালী ছইয়া হাছামনে ক্ষিত তাহাই করিতে পারিত। ডুইডেরা পূর্বজন্ম

এবং পরজন্ম স্বীকার করিতেন। পরমেশ্র এক এবং ভাষার অধীনে অসংখ্য দেবদেবী আছেন ইহাও মানিতেন। কখন২ গৃদ্ধাত হতভাগ্য বনিগণকৈ অগ্নি-मक्ष कृतियां के दिन्छ। गर्ना छेशांगमा कृति एक. কিন্তু তাঁহাদের অধিকাংশই নিবিড অরণামধ্যে কেবল জপ তপদা৷ দ্বারা ঈশবারাধনায় নিময়তিত্ত হইয়া থাকিতেন। ড্ইড্নিগের শক্তি অৱিতীয় ্ছিল। ইহাঁরা দি কোন রাজাকেও অভিশপ্ত করিতেন তবে স্থার কেহই তাঁহার সহিত বাক্যালাপ করিত না, কেহই ভাঁহার কোন সাহায্য করিত না। মাহার ইচ্ছা সেই তাঁহার প্রাণবধ করিতে পারিত এবং বহুছলে সেই হতভাগা বাক্তি অন্নজন অভাবেই প্রাণ-পরিত্যাগ করিত। ফলতঃ রটদেরা স্বতোভাবে আপ্নাদিগের যাজক-বর্গেরই অধীন হইয়াছিল। কিন্ত যথন প্রাবন রোমকেরা, সমাট্ ক্রভিয়স্ এবং নিরোর সময়ে ওয়েল্স দেশ † পর্যান্ত অধিকার করিল, অনেকবার অনেক বিজ্ঞাহ দমন জরিল, বহু সংখ্যক নগর এবং উপনিবেশ সংস্থা-পিত করিল, ও 'সটোনিয়স্'পলিনস্' নামে তাহাদিনের একজন সেনাপতি গোন।'‡ বীদে গিয়া তথাকার সকল ডুইড্কে থজাহত এবং তাহাদিগের

<sup>\*</sup> द्रारमञ्ज शक्ष्म ७ वर्ष नम् । हे ।

<sup>†</sup> ইংলভের পশ্চিম পু। দ্রবতী পদ্ধতীয় দেশ।

<sup>া</sup> আইরিশু দাগরাউর্গত অকল্প দ্বীপ।

আবাধনা সান সমন্তকে ভগ্নাং করিলেন, তথন রটদেরা সর্বতোভাবে বশতাপন্ন ছইল। ইহার পর 'আব্রিকোলা' নামে একজন শাসনকর্তা র্টনে का गमन कहिशा जिखात ऋषे लाखत किश्रमृत अर्थाख অধিকার করিলেন এবং কতকগুলি রণতরী প্রস্তুত করিয়া ইউরোপের উত্রাঞ্চলীয় জলদন্তাগণের सीताचा निर्वातन कतितन। क्वा के ममग्र करिष রটনে দোমকাণিকারের দোম গুণ ছুইই ক্রমশঃ প্রব-ব্রিত হইতে লাগিল। ধর্মাধিকরণ উত্তম ছইল, भागन প्राना उपक्रिक उर रहेन, नगत \* शूत मगल নির্দ্মিত হইতে লাগিল, রাজবর্ম সকল প্রস্তুত হইল এবং কৃষি ও বাণিজ্যকার্যোর প্রতি জন সাধারণের অনুরাগ রদ্ধি হওয়াতে দেশে ধনদপত্তির অাবিকা হইতে লাগিল। কিন্তু রোমকেরা রটনদিগকে যুদ্ধ-বিদ্যা শিক্ষা করাইয়া কদাটিএও ফদেশে অবস্থান করিতে দিতেন না। যে সকল রটন যুদ্ধশিক্ষা করিত ভাহাদিগকে কোন দূরদেশ রক্ষার্থ প্রেরণ করিয়া অ-পর দেশীর সৈনিক গণের হারা রটেন রক্ষা করিতেন। আর যেসকললোক সৈনিক কর্মো প্রায়ত না ছইয়া-ছিল তাহাদিগের সকলকেই নিরস্ত্র হইয়া থাকিতে ছইত। স্কুতরাং রোমকেরা একবার ইটন জাগা ক-

<sup>#</sup> লওন এবং ইয়ক এই দুই নগর আৰু কাইর বা চেইর এই দুই শাধ্য যোসকল নগরের নামের আংকে দুই হয় সেই কলানগর রোমকলিতগর নির্মিত।

রিয়া গেলে তদ্দেশীয়েরা সে, কোন প্রকারে আয়রকা করিতে পারিকে তাহার কোন উপায়ই রহিল না।

যেমন মৃত্যু আদর হইলে হস্তপদানির প্রান্ত-ভাগ অথ্যেই শীতল হয় এবং তথায় রক্তের গম-নাগমন নির্ত হওয়াতে আরু সেই সকল ছলে নাড়ীর গতি বোধ হয় ন। শরীরের মধ্ভাগেই ফ্র-কাল পর্যান্ত নাড়ীর সঞ্চার বোধ হই য়। থাকে,সেইরূপ যেমন রোম সামুগজ্যের বিনুদোকাল নিকটবর্তী হই-তে লাগিল, অমনি তাহার দূর প্রদেশ সমুদায় হইতে রোমক সৈন্যগণ প্রস্থান করিল আর তথায় প্রত্যা-গমন করিল না এবং ক্রমে সংকুচিত-রুত হইয়া রো-মের সল্লিখানেই চতুর্দ্ধিক রক্ষা করিবার নিমিত্ত কিছু-কাল সচেষ্ট হইতে লাগিল। ৪০১ খৃঃ অবেদ রোমকের। ইংলণ্ড পরিত্যাগ করে। তথন স্কট্লণ্ডের দলিণাঞ্জ বাসী 'স্কট্' এবং 'পিক্ট' জাতীয়ে য়া হটনদিগকে অ-তান্ত বলপূর্ব্বক আক্রমণ করিল। হটনের। মুদ্ধে নিতান্ত অক্ষম হইয়া পড়িয়াছিল। তাহারা রোমে পত্র প্রে-রণ করিয়া সাহায্য প্রার্থনা করত এই বলিয়া ছঃখ করিয়াছিল সে, "ভীষণাকার অসভ্য লোকেরা আমা-দিগকে সমুদ্রের দিকে ঠেলিয়া দিতেছে; সমুদ্রও আবার ঐ রাক্ষসদি গের সমকে প্রতিহত করিছেছে, আমর৷ কোথায় হাই কি করি কিছুই বুনিতে পারি म। ।" किन्छ द्वांम (कर्त्र) जानना निरात पूर्व मेमरस ह-টনদিগের বিশেষ উপকার করিতে পারিলেন না।

সতরাং উহারা অগতা উত্তরঞ্চলীয় জলদম্যদিগের निकटिके मार्काया आर्थना करिला के जलनमुहित्तत्व वांगष्टांन, 'तांदेन'\* नतीत मूथ इटेंट्ड 'এन, '† नतीत মূপ পর্যান্ত দে ভূতাগ তাহাতেই ছিল। উহারা 'জুট' 'জা বলু' এবং 'নাক্সন্' ইতাদি বিবিধ নামে প্রসিদ্ধ হয়। 'হেঞ্জি' এবং 'হর্স.' নামক ভ্রাতৃষয় নিমন্ত্রণ পাইয়া রটনে আদিয়া উপস্থিত হইল এবং অতি স্থায়াসেই স্কৃতি পিক্টদিগকে পরাভূত করিয়া সমুদায় দেশ নিৰুপট্ৰৰ করিল কিন্তু তাহারা দে-শের শোভ। ও দেশবাসীদিগের অক্ষত। দর্শনে আপনারা লোভপরবর্শ হইয়া রুটেন তাগা করিয়া ষাইতে নিতাম্ত অনিক্ষু হইল। প্রত্যুত উহার। স্থদে ীয় অপরাপর লোক সকলকে আহ্বান করিতে ভাগিল এবং সকলে মিলিয়া ক্রমেই সমুদায় দেশটী আ'শনাদিগের অধিকত কবিয়া লছল।

র্টনের। কেন্ট-ছাতীয় ছিল, সাক্সনেরা তাহা ছিল না, উহার। টিউটন্‡ জাতীয় লোক ছিল। উহা– দিগের সহিত হলে হুটনেরা প্রায় নিম্নিত হইয়া

<sup>#</sup>এই নদী সুইজরলপ্রের পরিত হইতে নিঃসৃত হইয়া জ্বালের পৃথিদিক দিয়া আইলে এবং হলওদেশের মধ্যদিয়া স্বালন সাগরে পতিত হয়।

<sup>া</sup> এই সদীর মুখ ভেন্মার্ক দেশের নৈম তকোনে দৃষ্ট ছটার।

\$ টিউটন্ জাতীয়েরাও ককেনীয়া বর্গ সম্কা । ইছারা
কম্বে প্রায় ইউরোপের স্করেই আধিপতালাভ করিয়াছে।

খায়। কেবল পশ্চিম ভাগে যে পর্বত শ্রেণী ভাছে তাহাতে কতক লোক প্রস্থান করিয়া রক্ষা পায়। আর কতক যাজি গল্দেশে পলাইয়া রটেনিঞ্চনামক তাহার প্রদেশ বিশেষে যাইয়া বাদ করে।

সমুদায় দেশ সাক্সন্দিণের অধিরুত হ-ইলে উহা প্রথমতঃ বহু ক্ষুদ্রহ রাজ্যে বিভক্ত হয় এবং সেই সময়ে পোপ † 'গ্রীগরী' প্রেরিত 'অগক্টিনু' নামক একজন সাধু ভাসিয়া উহাদিগকে খুফী ধর্মে দীক্ষিত করিতে ভারস্ত করেন। সাক্সনদিগের পূর্ব-ধর্ম অতিশয় ভয়ন্ধর ছিল। উহারা অনেক দেবদেথী মানিত এবং স্বর্গ নরকও স্বীকার করিত বটে কিন্তু উহাদিগের মতে দেবতা 🛨 মাত্রেই রণোন্মত্ত—লক্ষ্দা যুদ্ধ এবং মধ্যে২ তীব্র মদিরা পান করাই স্বর্গের মুখ-আর যুদ্ধে পলায়ন করিলেই নরকের ছুংখ ভোগ ক-বিতে হয়। যত্তিন উহার। অসভ্য ছিল এবং দংঃ।-রতি দারা আপনাদিণের জীগনোপায় করিত তাবৎ-কাল এইরূপ ধর্মাই প্রবল রহিল। কিন্তু হথন উহা-निर्गत तरहेन चीरण वांग इहेल. क्रिय वांनिकांनि चांत! লুখ ভোগের সামগ্রী উৎপন্ন হইল এবং অন্যান্য প্র-

<sup>#</sup>ফান্সের বায় কোনে অবস্থিত ৷

<sup>†</sup> রোম নগরীয় যাজকের এই উপাধি গ্রহণ করিয়া জমশঃ পুায় সমুদার্থ্রী উমভাবলখী শিগের পুভি ধর্ম শাসন বিভার করেন!

<sup>‡</sup> ওডিন্, ধর, পুভৃতি।

কারে অংকার পরিবর্ত্তন হওয়াতে মনও কোমল এবং প্রশাস্ত হইয়া উঠিল, তখন পূর্ব্বোক্ত রূপ কেবল সংগ্রামপর ধর্মপ্রধানী আর আদ্ধার পাত্র হুই ত পারিল না। সাক্সনেরা অতি অংশ কালের মধ্যেই খূলীধর্ম গ্রহণ করে। ইহারই কিয়ৎকাল পরে তাহাদিণের স্বতম্ভ ২ আট্টী রাজ্য ক্রমশং পর্সপর মিলিত হইয়া একত্রীক্ত হয় এবং 'এগ্রেট' নামক কোন মহায়া প্রমিলত রাজ্যের রাজ হন।

এই দাক্সনেরাই বর্ত্তমান ইংরাজ জ্বাতির প্রধ-পুরুষ। উহাদিগের অসভাগেন্তাতেই সেকল হীতি নীতি ছিল তাছাই এফণে পার শক্ হইয়। ইং-রাড নি গর স্কমভা রীতি নীতি হইয়াছে। উহাদিগের রাজা যথেক্ষারারী ছইতে পারিতেন না। কতক গুলি স্বিজ্ঞ রাদ্ধর পরামর্শ গ্রহণ করিয়। ভাঁহাকে রাজ-কার্বা করিতে হইত। ঐ সভার নাম 'উই টন। গিমট' हिल। कनउः श्रे मडाई वर्डमान 'शानिशामिले' मडात মূল স্বরূপ বলিতে হই বক। সাক্সনদিগের ধর্মাধি-করণ এক প্রকার 'পঞ্চায়তের' দারা নির্মাহিত হ-ইত। তাহ। হইতেই ইংরাজনিগের মধ্যে জুরি নি-য়োগের ব্রহার উংপন্ন হইয়াছে। সাক্সনেরাই প্রথমে সমুদায় ইংলও নেশকে সাইয়র, কেল্টি, হতে, ডুইভাদি নানাভাগে বিভাগ করে এবং প্রজাদিগকে পরস্পরের আহার ব্যবহারের প্রতি দৃটি রাথাইয়: যাগতে আপনার।ই খনেকাংশে আপনা- দিগের রাজকার্য্য নির্মাণ্ড করিতে পারে এমত উপায় করিয়া দেয়। ইংরাজের। দেই অ্যাধি প্রজাতন্ত্র শান্সনপ্রণালী সংস্থাপনে বেমন ক্ষতকার্য্য হইয়াছেল বোধ হয়, পৃথিবীর অন্য কোন জাতিই সেরূপ হইতে পারেন নাই। সাক্সনেরা ছলখন প্রস্তুত করণে বিলক্ষণ নিপুণ, সামুদ্রিক হছে অতিশয় কুশল আরজন পথে দূরদেশ গমনে একান্ত নির্মাহদার ছিল—ইংরাজেরাও এই সকলগুণের নিমিত বিশিষ্ট রূপে গৌরবাহিত হইয়। আছেন।

কিন্তু অতাপেকালমধ্যেই ইংলণ্ডে আর একটা জাতির প্রবেশ হইয়াছিল। রোম ইতিহানে ব্যক্ত আছে বৈ, রোম সামাজে সে অসভা ডাতির সোতঃ-প্রাবিত হইয় যায়,সেই সকল অসভাজাতি একেবারে বা এক সময়ে উক্ত সামাজাকে আক্রেমণ করে নাই। কেন্সন সমুদ্রের উর্দির একটাই করিয়া কুলের দিকে আদিতে থাকে তেমনি বিবিধ নামধ্যে অসভা জাতির দল একইটা করিয়ারোম সামাজার উপর প্রতিত ছইয়াছিল। সাক্সনেরা যে দেশ হইতে নির্গত ইইয়াছিল ভাহার উত্তর দিকছ 'ডেল্মার্ক' ক্রেতি-নেবিয়া'! প্রভৃতি ভূজাগ ছইতে আর একটা ভয়ক্র দল বাছির হইয়াছিল। উহার। 'ডেল' বা

<sup>#</sup> গথ, ভাঞ্জাল, হৃদ্, সুইভি, আলেমানু, বগতিয়ান্, প্রভৃতি।

<sup>1</sup> मह ६८ स . १ इ. शू हे एक न्

'नत्रमान' नारम श्रीमक रग । श्रथरम मसात्रिके উহাদিণের একমাত্র ব্যবসায় ছিল। উহাদিণের ন্যায় মিঠুর, নিভ্রন্জনয়, ক্ষেরাচারী লোক, বোধ হয়, পৃথিরীর আর কোন দেশে কখন জন্ম গ্রহণ করে নাই। উহার। একংজন বিক্রমশালী অধিপৃতি-কর্তৃক পরিচালিত হইয়া অর্ণবর্যান আয়েবাছণে ইং-লণ্ড, ফুক্, স্পেন্ প্রভৃতি নানা দেশের উপকূলে অৱতীৰ্ণ হইত এবং যেখানে যাইত তথাকার গৃহ, নেবালয়, উদাান, শস্তাক্ষেত্র সকলই ভগ্ন ও ভন্মসাৎ করিয়া সমূদার দেশ বিলুঠিত এবং তত্রতা জন সমূহকে বন্দীয়ত করিয়া লইয়া ঘাইত। ইহারা সাকসননিগের আধিপতোর সময় পুন:২ ইংলতে আগমন করে। সাক্সন্রাজার। ইহাদিগের দৌ÷ রাক্ষো অতি ত্রস্ত এবং উদিগ্ন হই মাছিলেন। বিশে-ষতঃ মহাত্রা আলফে ড একদা সংগ্রাভূত হইয়। র জনিংহাসন পরিতাগপুর্বক অরণা মধ্যে প্রস্থান করেন। কিন্তু তিনি পুনর্কার প্রবল হইয়া শক্রিসমূহকে পরাভূত করেন এবং ভাহাদিগকে খ্রীষ্ট-ধর্মে দীমিত করিয়া ইংলণ্ডের এক প্রাদেশে বাস কবিতে দেন।

ইহার পর আর এক জন সাক্সন রাজ। নিতার মূড়তার কর্ম করিয়া স্থানেশবাদী তাবৎ ছেন্ জাতীয় লোককে বিনাশ করিয়াছিলেন। তাহাতে ডেন্মার্ক রাজ 'সোএনু' মহাক্রোধে আসিয়া ইংলও

का क्रमन करतन এवर चार्क्सन हेरात निश्रामन অধিকার করিয়: আপনি, আপন পুত্র কেনুট এবং পোত্র হাডিকে;টু এই তিন পুৰুষ অবাহতরবে এই দেশের রাজদন্ত ধারণ করেন। পরিশেষে পৃর্ক-গত সাক্সন ভূপাল বংশীয় এভ্ওয়ার্ছ নামক একটা শাস্ত্র-প্রকৃতিক বাক্তি পুনর্কার ইংলণ্ডের সিংহাসনে - আরোহণ করিলেন । ইনি ধার্ম্মিক ছিলেন রটে, কিন্ত य ममरत लाटकत विद्या ठळात आधिका ना शांटक তংকালের ধর্ম প্রায় বিশুদ্ধ মৃক্তি-সংস্কৃত হইতে পারে না; তথন ধর্মার্দ্ধি নিতান্ত জড়ীভূত এবং ৰহবিধ কুসংস্থারে পরিপূর্ণ থাকে । এড্ওয়ার্ছের মনেও সেইরূপ নান। প্রকার কুসংস্কার ছিল। তিনি বোধ করিতেন যে, স্ত্রী সংসর্গ করিলে শরীর অপ-বিত্র এবং মন অভচি হয়; এই ভাবিয়া তিনি যাব-জ্জীবন কথনই আগন ধর্মপত্নীর সংসর্গ করেন ্রাই। এডওয়ার্ড এইরূপে নিংসন্তান হইরা পরলোক গ্রাম করিলে ভাঁহার রাজ্যাধিকার লইয়া ঘে:রতর বিবাদ উপস্থিত হইল।

যে সময়ে নশ্মীন এবং ডেন জাতীয়েরা ইংলও আক্রমণ করে সেই সময়ে ভাহাদিণের আর
একদল 'রোলো 'নামক কোন যুদ্ধবীরের জধীন হইয়া ফুব্ল রাজ্য আক্রমণ করিয়াছিল।
ফ্রান্সরাজ্ঞ নিভান্ত অক্রম ছিলেন। তিনি রোলোকে

क छान्त्र कि निम्मुन अर्थाः नित्सवि छान्ता

তুট করিবার নিমিত তাঁহাকে স্বীয় রাজ্যের বারু cकार्त कियुद्धारात्र अधिकांत्र **अ**नाम कतिरानम। े अप्रतम नियानितिरात निर्वामकृषि इअग्राट তাহার নাম নর্মাণ্ডি হইল। রোলো এবং তাঁহার পরবত্তী রাজগণ ডিউক্ উপাধি এহণ করিয়া অত্যস্ত देवहक्रका महकादत श्वरमभं भामन क्रियां ছिल्लन । वि-শেষতঃ ফ্রান্সদেশবাসী সচেতা ব্যক্তিবর্গের সংসূবে -ভীবণপ্রফতি নর্দান্ লোক সকল অত্যাপকাল मर्थारे विविध मन्ता व मन्त्रीत रहेशां क्राट्सर मङा शब-বীতে আরু হইয়াছিল। এড্ওয়ার্ড ইংলওের রাজ। হইবার পূর্বে ঐ নর্মাণ্ডির রাজ সভাতেই থাকিতেন; স্বতরাং তাহাদিণের রীতি চরিত্রের প্রতি তাঁহার বিশেষ আদ্ধাএবং ভক্তি জন্মিয়াছিল। অতএব হথন তিনি লোকান্তর গমন করেন তথন নরমাণ্ডির ডি-উক উইলিয়মকেই আপন রাজ্যাধিকার প্রদান করিবার মান্স প্রকাশ করিয়; হান। কিন্তু সাক্সনের। নরমান দিগের অতিশয় রেষ করিত। তাহাদিগের এমত ই ছা ছিল না ডে, নম্মান্ জাতীয় কোন বাক্তি তাহাদিনের উপর কর্তৃত্ব লাভ করে। স্বত-রাং মথন মৃত রাজার শ্যালক 'হারল্ড ' আ'-প্ৰিরাজা হইবার নিমিত্ত চেষ্টা করিতে লাগিলেন, তখন নাক্সনের। দকলেই মহা তুষ্ট হইয়া তাঁ-হাকে রাজগাহিতিক করিল। ইতিপূর্বে একদা হারল্ড ন্দা ভিতে প্রাট্রছলে গিয়াছিলেন। তখন উই-

এই গুদ্ধের প্রবর্ত্তক অতএব এই ধর্মানুদ্ধে প্রবৃত্ত হইলে
সকল পাপেরই প্রায়শ্চিত ছইবে এবং দর্গ দ্বধলাভেরও উপায় হইবে'। ইউরোপখণ্ড তথন অনম্যকর্মা সংগ্রামপরায়ণ বুদ্ধনীরে পরিপূর্ণ ছিল। তাহাতে ধর্ম শাস্তার এই প্রবেচ্নাদেশ, অতএব
অতি অপ্পকান মধ্যেই সহসূহ যোদ্ধা নানা অন্তশক্ত ধারণ করিয়া কতক পাদ্ধারে, কতক পোতারোহণে জুডিয়া প্রদেশাভিমুখে প্রস্থান করিল। এই
তৈত্র যাতাকে 'ক্রুসেড্' বলে।

নরমাণ্ডির ডিউক রবর্ট, সেরুপ অপরিণামদর্শী অব্যবস্থিত চিত্ত এবং রণোশত ছিলেন, তাহাতে তিরি বে সর্ব্ধ প্রথমেই জুসেডে গমন করিবার নিমিত্ত অভিলাধী হইবেন তাহা সহজেই বোর হইতে পারে। কিন্তু তেমন দূরদেশ যাইতে হইলে সম্ধিক অর্থ সহজের প্রয়োজন হয়। অমিত্তবায়ী রবটের কিছুমাত্র ধন সম্পতি ছিল না। তিনি দেশের রাজাছিলেন বটে, কিন্তু কখনহ তাঁহার এমন দশা উপস্থিত হইত বে, ভ্তোরা একহ জন করিয়া রাজিকালে তাঁহার সকল পরিধের গুলি চুরি করিয়া লইত, প্রাভ্রেকালে প্রিধান করিয়া শ্বা হইতে বাহির হন এমত বস্তু শুগুও তাঁহার থাকিত না। স্ক্রেমাং রবটের অর্থ প্রগ্রাজন হওয়াতে তিনি ইংলগুণতি উইনি-

<sup>#</sup> যোদ্পর অংথ অবাভরতে কুনের (十) চিক ধারব করিয়াছিলেন বলিয়া ঐ নাম হইয়াছিল।

য়মের দিকট আগন অধিকার সমন্ত বন্ধক দিয়া
খণ এহণ করিলেন। উইলিয়ম, ইংলপ্ত এবং নর্মাপ্তি
উভয় দেশেই রাজা করিতে লাগিলেন। একদা উইলিমম মৃগয়া করিতেছেন এমত সময়ে 'ওয়াট্টিরেল,'
দামক এক বাজির নিফিপ্ত শর দৈবাধীন কোন
রুফে লাগিয়া প্রতিহত হইয়া একেবারে রাজার হদয়
বিদীর্ণ করিয়া বাহির হইল। কেহহ বলেন দে,
'ওয়াট্টিরেল' বুদ্ধিপৃথকিই এই কর্মা করিয়াছিলেন
—উহা দৈবাধীন হয় মাই।

হাল হউক, উইলিয়নের মৃত্যু সংবাদ প্রচারিত ছইবা মাদ্র তাঁগার অনুজ 'হন্রী' রাজসিংহা-সনারোহণ করিলেন। ইনি তৎকালপরিজ্ঞাত বিবিধ বিদায় বিলক্ষণ-বুৰুপর ছিলেন। এই হেতৃ লোকে তাঁহাকে 'সুসন্তিত' উপাধি প্রকান করিয়াছিল। ইবি আপন পিছা ও ভাতার নায় সাক্সন্প্রজা-ৰৰ্ণের উংগীতন না করিয়া যাহাতে উহার। স্থ-সক্ষে কাল্যাপন করে এমত চেষ্টা করিতে লাগি-লেন। বিশেষতঃ নমা গ্রীর ডিউক 'রবট' জুডিয়া ছইতে প্রত্যাগমন করত নিজ রাজ্যের অধিকার এছন করিলে পর ইংলণ্ডীয় প্রজাবর্গের প্রতিই ইহাঁর विभिक्के स्त्रह এवः महाव इहेन। हेनि माकुमन्तिरात्र পুর্বরাজবংশীয়া মাউল্ডা নালী কামিনীর পাণিপ্রহণ করিলেন। তাহাতে সাক্সনেরা আর আপনাদিগকে পরকীয় রাজার অধীন বলিয়া ভাবিল ন।। সভাস্ত

নির্মা তাঁহাকে আসনার দেশে পাইয়া সাতিশয় ধূর্রতাচরণ দারা এইরূপ শপথ করাইয়া লন ফে, তিনি ইলিয়মের রাজ্যাধিকারে প্রতিবন্ধকতা করিবেদ,না। একণে সেই হারল ডই আপনি রাজাসন গ্রহণ করাতে নর্মাণ্ডির ডিউক তাঁহাকে বিধন্মী বলিয়া রোম নগ-বীয় ধর্মাশালা পোপের নিকটে ভাভিযোগ করি-লেন। পোপ দেখিলেন যে স্বাধীনস্থভার সাক্ষ-নেরা আমাকে তাহাদিগের ধর্মসংক্রান্ত সকল বিষয়ে হন্তার্থণ করিতে দেয় না, অতএব উইলিয়মের জয় হইলে আমারও ইংলওে আধিপত্য রদ্ধি হইবে; এই ভাবিয়া তিনি ইংলও অধিকার করিবার নিমিত উইলিয়মের প্রতি অর্মতি প্রদান করিলেন, জার ছারল্ডকে ধর্ম বিরোধী বলিয়া অভিশপ্ত করিলেন। উলিয়ম ইউরোপের যাবতীয় যোদ্ধরণকে নিমন্ত্রণ করিয়া আনিতে লাগিলেন। অসভাদেশ মাত্রেই সং গ্রাম কামনার বাত্ল্য থাকে, স্তরাং অসভ্য দেখে ' अनना कमा (कर्वन युद्धविनाविभावन यक लाक পাওয়া যায় সভাবেশে কখনই তত পাওয়া যায় না। উইলিয়মের রুণ পতাকা উড্ডীন হইবামাত্র শত্থ সুবিখ্যাত মুদ্ধার চতুর্দ্দিক হইতে আগমন করিতে नाशितंन ।

এখানে হারল্ডের সোদর টফি, আপনি রাজা হইবেন এই অভিপ্রায়ে নরওয়ের রাজার আ-শ্রয় গ্রহণ করিড়ে গিয়াছিলেন। তিনি হঠাৎ সমূহ- দৈন। সম্ভিব্যাহারে আসিয়া রাজের উত্তর 💜গ ভাক্রমণ করিলেন। ছারলুড কাল বিলয় না করিয়া তৎকুণাৎ উত্তরাভিমুখে গমন করিলেন। নরওয়ের দৈনাগণ তৎকর্ত্তক আক্রান্ত, পরাভূত এবং দর্মতো-ভাবে বিনাট হইল। কিন্তু এই অবকাশেই, উ-हेलियम मरेमरना 'मरमक्म'क अर्राटन व्यक्तिया छेत-হিত হইয়াছিলেন। কথিত আছে তিনি নে কা ছইতে অবতীর্ণ হইবার সময়ে ভূমিতে পড়িয়া যান। এই অমক্লল চিহ্নদর্শনে ভাঁছার সৈন্যগণ ভীত হইবার উপক্রম করিয়াছিল কিন্তু অতিশয় প্রত্যুৎপর্মতি ভাঁহার এক জন পারিবদ রাজাকে সংঘাধন করিয়া বলিলেন, 'মহারাজ, আধনি বড় সৌভাগাশালী পু-ক্ষ, দেখুন এই দেশে পদার্পণ করিবামাত্র ইহার মৃত্তি-কা আপনার হত্তগত হইয়াছে, এই কথা বলিবা দাত্র আর কেহ অমত্মল শক্ষা করিল ন।। সকলেরই দৃঢ় প্রতীতি হইল যে অচিরাৎ ইংলওদেশ তাহাদিগের করকর্বলিত হইবে।

হারল্ড, উইলিয়মের আগমন বার্তা প্রবণ-মাত্র তৎক্ষণাথ সমৈন্যে দক্ষিণাতি-মুখে সাত্রা ক-রিলেম। ১০৬৬ খৃঃ অব্দের ১৪ ই অক্টোবরে হেন্ডিংস ‡ নামক নগরের সমিধানে উভয় প্রতিপক্ষ সৈনে।

<sup>#</sup> কেন্ট প্রদেশের পশ্চিষে অবস্থিত ইছার এখান নগ্রের সাম চিচেক্টর।

<sup>1</sup> লওন নগরের অগ্রিকোনে সমুদ্রকুলে অবস্থিত 1

ঘোরতর বৃদ্ধ হয়। সাক্সনের। যেমন সাহস, দৈছৰ্ম, বিক্রম এবং দৃঢ় প্রতিক্রতা প্রকাশ করিয়াছিল, যদি তাহাদিগের তাদৃক্ বৃদ্ধকোশন থাকিত তাহা হইলে উইলিয়মের জয় হইত না। জার হারল্ড, জীবিত থাকিছুল্ঞ, বোধহয়ু, প্র এক বৃদ্ধেই ইংলগু একেবারে উইলিয়মের পদাবনত হইত না। কিন্তু গেরূপ ঘটিল তাহাতে প্র হেন্দিংসের যুদ্ধেই সাক্সনদিগের আদ্ধীনতা একেবারে বিলুপ্ত হইয়া গেল।

ইহার পরে যথন নর্মাণ্ডির সহিত ইংলণ্ডের

কলার্ক রহিত হইয়া গেল, যথন নর্মান্ এবং সাক্সন
এইর প জাতি ভেন আর রহিল না, তথন উদারস্থভাব, সচেতা ও তীক্ষরুরি নর্মান্দিগের গুণে সাক্সন্দিগের দৃঢ়তা, সাহসিকতা এবং স্বাতন্ত্র-পরায়ণতা
সংযুক্ত হইয়া বর্ত্তমান ইংরাজনিগের জাতীয় গুণ
সমূহ প্রকাশ হইতে লাগিল।

## দ্বিতীয় অধ্যায় 1

----

[বিজেতা উনিয়ম—বৈদনিকভূম্যাধিকার-প্রধানী—উইনিয়ম রত্তকেশ—ক্ষেত—রবর্ট—হন্রীসুপত্তি—ইউদ্দেন্
হন্রীপ্পাণীবেনেট—পোপের প্রাদুর্ভাব—রিচার্ড বিংহমনাং—
ভূমিশ্না বন—মাগ্রাচার্টা—প্রকৃত ইংরাজন্তির উংপতি।]

সাক্ষন এবং নন্মান এই তুই জাতির মধ্যেযে রূপ পরস্পার দৃঢ়তর বিদেষ ছিল তাহাতে যে উইলিয়ম নিৰুপদ্ৰৱে ইংলণ্ড অধিকার করিতে পাইবেন তাহার क्तान मञ्जादनारे जिल्ला । वज्रुष्टः माक्मात्वता गारा-তে স্বাধীন হইতে পারে পুন:২ এমত চেক্টা করিয়া-ছিল। তাহার: দেমন পুর্বে সমুদায় ডেন্জাতীয় লোককে নত্ত করিয়াছিল দেইরূপ সকল নর্মান লোককেও হত্যা করিবার নিমিত এফণে পরামর্শ ক-तिल। किन्छ जारां मिरात थे पूर्य खन। मरुल रहेन ना। এবং উহা প্রকাশ হওয়াতে উইলিয়ম, সাক্সনদি-ণের প্রতি অনেকানেক স্মুক্তিন-নিয়ম প্রচারিত করিলেন। প্রথমতঃ তিনি ইংলাও ভুষাধিকারের এক নৃতন প্রাণালী প্রার্তিত করিলেন যদ্ধারা দেশের সকল ভূমি-সম্পতি রাজার নিজম্ব হইল। রাজ। ঐ সমস্ত ভূনির কিয়দংশ থাসে রাখিলেন। অপর সমুদায় ভাগ দৈন্য সংখ্যার অনুসারে বিভাগ করিয়া আপন মেনাপতিগণ্ক অর্থ করিলেন। সেনাপতিগণ

এ ভূমি সম্পত্তি গ্রহণকালে এমত স্থীকার করিলেন त्य डीहोड़ी ब्राइनेंब अधीन इहेग्रा थाकित्वन अवर युक्त উপবৃত ছইলে নির্দ্দিন্টসংখক অস্থারোছ এবং পারাত সৈন্য লইয়া তাঁহার সহকারিত। করিবেন। এই রূপ করাতে প্রায় সাক্সন্মাত্রেই ভুগাণিকার-বাৰ্জত হইল। প্ৰধানহ নৰ্মান শেষ্ক,পতিগণ স্বহ অধিকারে এক একটা উপতুর্গ নির্মাণ করিয়। তথাধো স্বাধীন হইয়া বাস করিতে লাগিলেন। উহাঁবা পর-স্পর বিবাদ করিতেম. প্রজাবর্গের বিবাদ বিসম্বাদ মী-মাংসা করিতেন এবং অপরাপর ব্যক্তিকেও ভূমাধি-কারের কিঞ্চিৎ ই ভাংশ প্রদান করিয়া আপনারা राजात निक्रे ए क्रथ नियम्बद्ध थे मक्न र क्रिक्ट তদ্রপে বন্ধ করিতেন। ফলত: কোন জাতি বিজিত জনপ্র মধ্যে বাস করিবার প্রয়াস পাইলেই প্রায় এই রূপ ভূদ্যধিকারের নিয়ম প্রচলিত করিয়া থাকে। উইলিয়ম তাহাই করিয়াছিলেন এবং এই নিয়ম তৎকালে ইউরোপের সর্বত্রই প্রচলিত হইভেছিল#। কিন্ত ইহা ব্যতিরিক্ত তিনি আরও কতিপায় কঠিন নিয়ম সংস্থাপিত করেন। সন্ধার কিয়ৎক্ষণ পরে নগরে২ ঘন্টার ধনি হইউ। সেই ঘন্টার ধনি প্রবণ

<sup>#</sup> এতদেশে পথাবরাজ রণ্ডিংনিংছ অধীন্দ্ সর্বার-বিগোর সহিত পূর্বোক্রকণ ন্যম করিতেন। পাঠাবের। ছিন্দু-খান জয় করিয়া কোবাওং উক্তরণ ভুমাবিকার প্রবালী সংখা-পনের চেটা পাইয়াছিল।

মাত্র সকল প্রভাকেই স্ব২ গৃহের ভায়ি নির্মাণ বা আচ্ছাদিত করিয়া অন্ধকারে থাকিতে হইত। যদি কোন নর্মান্ কোথাও নিহত হইত তবে যে পল্লীতে ভাহার শব পাওয়া যাইত সেই পল্লীর সকল লোকে ভাহার নিমিত্ত দায়ী হইত। এবং হত্যাকারীকে নি-র্দ্দেশ করিয়া দিতে না পারিলে সকলেরই বিলক্ষণরূপ ভার্থ দণ্ড হইত। উইলিয়ম আর এক নিয়ম করেন বে, রাজানুজ্ঞা ব্যতিরেকে কেহই মৃগয়া করিতে পারিবে না। এই রূপ নানা প্রকার রাজপক্ষপাতিনী ব্যবস্থা প্রচলিত হওয়াতে সাক্সনেরা অতান্ত পীড়িত হ— ইতে লাগিল। কিন্তু উইলিয়ম, বিজ্ঞো উপাধি এহণ করিয়াছিলেন এবং যে অস্ত্রবলে হেন্টিংসের য়দ্ধ জয় ছইয়াছিল ভাহারই বলে ভাহার রাজ্য রক্ষিত হইল।

উ বিলয়ন এমত সোভাগ্যশালী, বুদ্ধিমান, এবং
প্রতাপা নৃত হইয়াও আপনার গৃহে সুখী হইতে
পারেন নাই। তাঁহার তিন পুত্রের মধ্যে জ্যেষ্ঠ
রবট অবাধ্য এবং উদ্ধৃত স্বভাব ছিল। উইলিয়ম তাহার প্রতি নন্মান্তি শাসনের ভারার্পন করিয়া ইংলণ্ডে
আইসেন। কিন্তু রবট স্বাধীন হইবার আকাজ্জায়
বিজোহ উত্থাপন করে। ইহাতে পিতাপুত্রে সংগ্রাম
হয়। তংকালে অশ্বারোহ প্রধান ২ যোদ্ধুকুলীনগণঞ

<sup>#</sup>ইংরাজীতে ইহাদিগকে নাইট্বলে : এক্ষে বিশিক্ত ওল-শালা ব্যক্তি মাত্রেই রাজার আনে নাইট্উপাবি প্রাপ্ত হইতে পারেন।

আপনাদিণের সমুদায় শরীর লৌহবর্ম্মে আরত করিত। রবট এবং উইলিয়ন উত্তরেই ঐ রূপ বর্মা ধারণ
করিয়া পরস্পার বৈর্থা সংগ্রামে প্রার্থত হইয়াছিণ
লেন। পুত্র শিতার প্রতি আক্রমণ করিয়া তাঁহাকে
অংচাত করে এবং পরে নিদ্ধোয় রূপণ হস্তে তাঁহার
শিরশ্ছেদনের উন্যম করিলে উনিই সে তাঁহার
শিতা এই পরিচয় প্রাপ্ত হয়। রবট তৎক্ষণাৎ অন্ত্রশাস্ত্র হইয়া পিতার পানমূলে নিপতিত হইল
এবং অতি কক্ষণত নে তাঁহার স্থানে ক্ষমা প্রার্থনা
করিল।

ইহার কিন্নংকাল পরে বিজেত: উইলিয়মের
মৃত্যু হইল এবং তাঁহার রাজ্য ছই ভাগে বিজ্জ
হইরা পৈতৃক রাজ্য নর্দান্তি জ্যের্চ পুত্র রবটের
এবং কোপার্জিত ইংলও রাজ্য মধ্যম পুত্র বিতীয়
উইলিরমের ভাগবের হইল। তৃতীর পুত্র হার্লেন।
ফিতীয় উইলিয়মের কেশ রক্তবর্ণ ছিল এইজন্য ইতিহানে ইহাঁকে 'রক্তকেশ' উপাধি প্রদান করা হইরাছে। রবট কেবল নন্দাতি পাইয়াই তৃত্ত রহিলেন না।
ভারে কৃটবৃদ্ধি উইলিয়মও মনে ২ চিন্তা করিতে লাগিলেন যে রবট অতি নির্বোধ্য অত্রব তাহার হস্ত
হইতে নন্দাতির অদিকার প্রহণ করা নিভান্ত কঠিন
হইবে না। উভয়ের মন এইরাপ হওয়াতে পরস্পার
বিবাদের সূত্র সহজেই উপস্থিত হইল। উভয় ভাতৃ

দৈৰে। অনেক বৃদ্ধ ছইল এবং দিন্থ উইলিয়মে-দুই বিজয় হইবার সম্ভাবনা দৃষ্ট হইতে লাগিল।

এমত সময়ে সমুদায় ইউরোপণতে একটা অতি ভয়ন্তর গোলঘোগ উপস্থিত হুইল। রোম সামুক্তি নালার হেতুভূত নালা অসভা জাতিদিণের মধ্যে ভুরক্ষ জাতীয়েরা অতি প্রধান বলিয়া গণ্য ছইবার যোগা। ভাহার। আন্টোই পর্মত হইতে অব-তীর্ণ হইয়া দক্ষিণপশ্চিমাভিমুখে আগমন করত তত্ত্ত-एक श श्री जिल्ड सुमलसान भर्म **अर्श**श्रीक मसूनांस আসিয়িক ভুরদ্ধ অধিকার করিয়া লয় । যাহার। কোন নতন ধর্ম গ্রহণ করে ভাগদিণের যেমন উৎদাহ হয়, বাহারা পুরুষাত্ত্রুমে সেই ধ্যের শ'নেন মানিয়া আসিতেছে ভাহাদিণের তত উৎসাহ इस न। ।, नव सूमनसान्धका विलयी कुरूटकता कुडिता দেশ জয় করিয়া তথাকার গ্রাফান তীর্থ ঘাত্রিক-দিগের প্রতি নানা প্রকার দোরাত্ম করিতে লাগিল। পীটর মামক একজন সন্ন্যাসী জুডিয়া প্রদেশস্থিত গ্রীসের সমাধিস্থান প্রাকৃতি তীর্থদর্শন করিয়া ইউ-রোপে প্রত গেমন পূর্ব্বক তুর্হ্বদিগের ঐ সকল অতা -চা রের বিবরণ ব্যক্ত করিয়া নিলেন। বিধর্মী দিগোর হস্ত হইতে আপনাদিগের তীর্থস্থান মুক্ত করিতে কোন্ ধর্মপরায়ণ জাতির সমাক্ ইচ্ছা না হয়? বিশেষতঃ भाग घांचन। कतियांनित्नन त्य ' अन्निश्चेत च्याः

<sup>\*</sup> जाजात्रत्वत केंद्रशीमावर्जी शर्याद्यांची ।

তুই ইইয়া হন্ত্রীর সহায়তায় প্রয়ন্ত হইল। হন্ত্রী ঐ সময়ে জেও ভাতা রবটের প্রতি বুজোলাম করিলেন। প্রথম উদার্শে ভাত্রয়ের মধ্যে সন্ধি সংস্থাপিত হইল। তিনীয় উদানে জার সন্ধি হইল মা। রবট যুদ্ধে গত হইয়া ইংলণ্ডের কোল ফুর্গ মধ্যে যাবজ্ঞীবন নিকল্প রহিলেন। হন্ত্রী সমুদায় নন্মাণ্ডী এবং ইংল্ডের উপর একাধিপত্য করিতে লাগিলেন।

কন্ত তিনি শেব দশার অত্যন্ত মনোবেদনা
পাইর।ছিলেন। তাঁছার একমাত্র পুত্র সমুদ্রন্থ
ছইবা প্রাণত্যাগ করেন। পরে, আপনি একদা অতিভোজন বারা পীড়। এপ্ত ছইরা পরলোক গমন করেন।
ছন্ত্রীর মৃত্যু ছইলে তাঁছার ভাগিনেয় 'ঐেকেন্'
রাজ্যনন এহণ করিলেন। কিন্তু ফ্রান্ডের অন্তর্গন্ত
আঞ্লু,' প্রদেশের আধিপতি মৃত মহীপতির হন্ত্রীলামা দোহিত্রও সেই সময়ে মাতামছের সিংহাসন
অহণার্থে মন্তর্গন হন্। উভয়ে অনেক মুদ্ধ ছইয়াছিল।
পরে প্রতিবন্দীদিগের মধ্যে সন্ধিবন্ধন ছইয়া এই নিয়ন্
নাবধারণ ছইল লে, ছন্ত্রী অফলেক মুদ্ধ হইল ভিনিই রাজ্যন
লক্ষ বয়ের্থিক 'ঐেকেনের' মৃত্যু ছইলে তিনিই রাজ্যন
লন পাইবেন। ১৯৫৪ পৃন্তান্দে ফেকেনের মৃত্যু ছইল
এবং পুর্বোক্ত নিয়্তমানুসারে ছন্ত্রী ইংলণ্ডের রাজ্য
ছইলেন। ইনিই প্রাণ্টাগেনেট্ গুরংশের প্রবর্তিক।

<sup>😩</sup> হন্রীর পিভাবৃকবিশেষের প্র ছারা আপেন শিরকাণ

ফাডএর ইহাকে হেন্রী-প্লাকীপেনেট্ অথবা পকা।
নার বিতীয় হন্তী বলা গিয়া থাকে। তৎকালে হন্তীর
কুলা প্রতাপশালী মহীপাল আর কেছই ইউরোপে
ছিলেন না। ইংলও এবং নন্ধা তী তাঁহার মাতা—
মহ-রাজ্য, আঞ্জু পৈতৃক অধিকার এবং ক্লান্সের
মারও অনেকানেক প্রদেশ বিবাহ—সহকে তাঁহার
মারও অনেকানেক প্রদেশ বিবাহ—সহকে তাঁহার
মারও হয়। এই সকল রাতিরিক্ত তিরি অন্তবলে
ভায়ল ও দীপ জয় করেন, ফট্লণ্ডের রাজাকে
বন্দী করিয়া আপন অধীনতা স্মীকার করান এবং
ওংক্রের অধিপতির স্থানে নিয়মিতরূপ কর লন।
কিন্তু এনত প্রতাপশালী হুইয়াও তিনি স্থী হুইতে
পারেন নাই।

বিজেতা উইনিরনের ইলংগু আগনন হওয়া ক্লব্ধ ধর্মণান্তা পোপ তদ্দেশ আপন আধি-পত্য বিস্তাহের চেক্টা পাইতেছিলেন। তথন ইউনরোপের সর্ক্তরই যাজকদিগের সমূহ ভূম্যধিকার ছিল। এ ভূম্যধিকার রাডদত, মতরাং তজ্জনা যাজকবর্গকে রাজার অধীন থাকিতে ইইত। কিন্তু যাজকর ক্রা ক্রনেহ রাজশক্তি উল্লেখন করিয়া আপনারা যে, কেবল ধর্মা শাস্তা পোপেরই ভ্রীন, এইরূপ ব্যক্ত করি তলাগিলেন। পরিশেষে হাঁহার ইহাও ব্লিয়া উঠিলেন দে, আমাদিগের উপ্র হাজার

শোচিত কঠিতেন বলারা ডিনিই পুগমে এই উপাধি পুাত

জ্বান শক্তিই নাই। যদি কোন যাজক কোন তুক্তম করে, রাজা তাহার শাসন করিতে পারিবেন না। বস্ততঃ মাজক মন্তমীয় কি 'নাল' কি 'কেজিদানী' কোন প্রকার মোকদ্মাতেই রাজার কোন হাত নাই। দেই সকল মোকদ্দা গোপের নিচ্ক্ত বিচারপতিদিনোর নিকটেই নিশাল হইতে পারেন হন্বী দেখিলেন যে, ইহা হইলে পোপট্ই ভাঁহার রাজ্যের রাজা হইয়া উঠেন। অতথ্য যাহাতে ইহা নাহইতে পারে, নিরস্তর এই চিন্তা এবং চেষ্টা করিতে লাগিলেন। 'বেকেট্' নানা একত্বন সামান্য-বংশোন্তৰ, কিন্তু অতি বিচক্ষণ এবং প্রগাঢ় বিদাহান कोन ताळ्यित्रीकात शक दहेता, এই वियस व्यानक তর্ক করিয় ছিলেন। হন্রী ভাঁহার প্রতি ভুষ্ট ছইয়া কাতরবুরীর আার্ত-বিশাসের পদ শৃন্য ছইলে तिरके एक रमेरे शाम अधिक ए क्रिलिन। किन्दु दर-(किट्रेश्वग्रः देश्वरखत श्रिक्षा यो कि देशे। योत श्रिक्त-क्रग तहित्वम न।। शृद्ध ताङ्गात ভোষামোन এবং ৰাবুয়ানা করিছা বেড়াইতেন। একণে একেবারে शार्मिक्रु जामि ଓ नत्रम छनची इहेग्रा विभालन ।

<sup>#</sup>ইংলভের যাজকশ্রেণীর সর্বোচ্চপদ প্রাপ্ত বাতি আচ-বিশ্প উপাধি এছণ করিয়া থাকেন। উৎভের আচ-বিশপ দুইজন, একজন ইয়র্ক নগরে অপর বাতি কেন্টপ্রদেশীয় প্রধান নগর কান্টরবুঁহীতে অবন্ধিতি করেন। এডলুভয়ের মধ্যা শেষাক ব্যক্তি শ্রেক্তর।

ভাঁহার পদ পরিবর্ত হওয়াতে মতিরও পরিবর্ত হইল। छिमि विलग्न विमालन, गांककित्वत विष्ठात दोकांत কোন হাতই নাই। হন্ত্রী বেকেটের এইরূপ অতাচার দেখিয়া অতার বিরক্ত হইলেন এবং কথায়২ এক দিন ৰলিয়া ফেলিলেন্ 'আমি কি হতভাগা! আমার এমন একটাও আহীয় ব্যক্তি নাই দে, এই পাজি গাজকের ছাত ছইতে আমাকে মুক্ত করে'। প্রভুদিগের কখন কাহার প্রতি ক্রোধ প্রকাশ করা কর্ত্বানয় । সহছে ই লোকে ভাঁহাদের মন বুঝিয়া কর্মা করিতে চাতে, আ-বার যদি তাঁহার৷ কাহারও প্রতি স্পষ্টরূপে আন্তরিক বৈর্ক্তি প্রকাশ করেন,তবে সেই ব্যক্তির বৃক্ষা হওয়া ভার। হন্রীর পারিষদ চারি জন তাঁহার প্রমুখাৎ পুর্বোল্লিখিত কথা প্রবণমাত্র জার কালবিলয় না कतिया का जेतरती नगरत गमन कत्र उ व दक है कि • হতা করিয়া কেলিলেন। বেকেট্ পর্ম ধার্মিক বলিয়া প্রসিদ্ধ হইয়াছিলেন। অতএব তাঁহার হত্যায় নেশের অমন্ত্রল শালা করিয়া সকল লোকে হাহাকার করিতে লাগিল।বেকেট্ সাধুমধে 🗯 পরিগণিত হইয়া 'সেল টমাস্' নামে প্রসিদ্ধ হছলেন এবং হন বীকে তাঁহার বধের মিমিত্ত প্রায়ক্তিত করিতে হইল। তিনি

<sup>#</sup> অতি ধর্মালীল কোশ বাজির তিরোভার ছইলে রোনান্কার্থালিক যাজকেরা তাঁছাকে সেন্ট অর্থাৎ সারু উপাধি প্রদান
করিয়া থাকেন ৷ মুসলমানেরা স্বজাতীয় ভাদুশ ব্যক্তিনিগকে
পীয় ব্লিয়া সম্মান করে।

রাজধানী লগুন নগর হইতে অনারত-পদে কা উরবুরী নগর পর্যান্ত গমন করিলেন এবং সেন্ট টমাসের মঠধারী সন্নাদিগণ তাঁহার পৃষ্ঠে অদীতিবার বেত্রা-ঘাত করিল। হন্বী মত দিন এইরূপ প্রারক্ষিত্ত না করিয়া ছিলেন, তাবৎকাল ইংলগুরি প্রজাবর্গ মহা-শঙ্কান্তিত হইয়াছিল এবং ধর্মাশান্তা পোপ, মহা-রাজাকে অভিশপ্ত করিবেন, এই ভয় দেখাইয়া রাশিয়াছিলেন।

হন্বীর আরু এক মহা অন্ধবের কারণ তাঁছার রাজীর ও ভদ্গর্ভাত সন্তাননিগের তুর্বতা। ইহাঁর
পুত্রেরা প্রথমে পরস্পার বিবাদ করিয়া পরিশোবে পিভার বিৰুদ্ধেও অস্ত্রধারণ করে। সেই তু:খে,বিশেষভঃ
প্রিয়পুত্র দেন্ও সেই বিজোহে মিলিভ হইয়াছে,
ইহা জানিতে পারিয়া মহারাজ অত্যন্ত মনোবেদনার
অত্যন্প কালমধ্যেই প্রাণ পরিত্যাগ করিলেন।

দিতীয় হন্রীর চারি পুল জ্বো। তথাগ্যে ছই
জন পিতৃবর্ত্তমানেই লোকান্তরগত হন। অবশিষ্ট
ছয়ের মধ্যে জেন্ঠ 'রিচার্ড' পিতৃ-সিংহাসন অবিকার করিলেন। রিচার্ড জতান্ত বনবান্ বিক্রমণালী
এবং সাহসী পুরুষ ছিলেন। তজ্জনা লোকে তাঁহাকে 'সিংহ্মনাং' উপাধি প্রদান করিয়াছিল। ইহাঁর প্রধান কীর্ত্তি সহসু ইত্নীয়া লোকের প্রাণবধ করা

<sup>#</sup> বিজ্ঞানিরা খৃতকে জুলে বিদ্ধ করিরা নত করে এবং বৈদেশিক বানিজ্ঞা দালা জনেকে ধনশালা হয়, এই দুই কারণে

এবং ক্রে, নেডে গমন করিয়া তাংকালিক মুসলমান,
মহীপতি 'লালে অদ্বীনের' সহিত ঘোরতর মৃদ্ধকরা।
স্থান স্থান ইইতে স্থলপথে প্রত্যাগমন কালে ইনি
স্থানি ডিউব্ল কর্তৃক কারাবকদ্ধ হন এবং পরে
ভাষার প্রস্থাগন নিজ্যুস্থরূপ মথেঠ অর্থদান করিয়া
ইইাকে মুক্ত করিয়া আনে। রিচার্ড স্থরাজ্যে প্রভাগমন করিয়া স্থাননা বিচার্ড স্বরাজ্যে প্র-

রিচার্ডের মৃত্যু ছইলে তাঁহার কনিষ্ঠ ভাতা বেন্' সিংহাসনারোহণ করিলেন। যুল অতিশয় মূর্থ এবং ত্রুইন্ডাব ছিল। স্থান্সের রাজা 'ফিলিপ',‡ যনের অক্ষমতা দর্শনে মনেহ ছির করিলেন হে, এই স্বোগে ক্রান্সের মধ্যে ইংলগুধিপের মত অধিকার আছে, সমুদায় আপনার হস্তগত করিলেন। এই পরামর্শ করিয়া তিনি যনের ভাতু শুত্র ' আর্থর্কে ' ইংলগুর মধ্যর্থ রাজা, বলিয়া স্বীকার করত নর্মান্থী প্রভৃতি তাবৎ দেশ আক্রমণ করিয়া আপন অধিন

স্থার্ম-পরার্থ ও ধনসোলুপ প্রতিন খৃষ্টানেরা ভক্ষাতীর লো কের পৃতি অতিশয় বিদেশ করিউ।

<sup>#</sup> অভিব্যাদেশ পূকে একণকার ন্যায় পুবল ছিল না—বর্তমান ছাপ্সবর্গ বংশীয় রাজারা ইছাকে সামাজ্য করিয়া তুলিয়াছেন এবং আপনার;ও সমাট উপাধি পুাও ছইয়াছেন।

<sup>· ‡</sup> ইনি অভিশয় বিচক্ষা সদাশয় এবং পুভাপাধিত হইয়। 'অগ্ৰুসাং উপাধি পাগু ছইয়াছিলেম।

কারসম্ভূক্ত করিলেন। প্রক্রাগণ যনকে 'ভূমিশূনা' এই উপাধি প্রদান করিয়াছিল। ফলতঃ ফ্রান্সে 'যনের' অতি অপ্পমাত স্থানই অধিক্ষত রহিল। কিন্তু তিনি, 'আর্থর'কে রঁণবন্দী করিতে পারিয়া এ শিশুর প্রাণ্বধ করিলেন।

ঘন এইরূপ বিবিধ অতণ্টাব করিলে পর ইংলতের প্রধান২ ভূমাধিকারিগণ উত্যক্ত হই-য়। তাঁহার প্রতি বিদ্রোহাচরণে প্ররত হইলেন এবং : २५० श्रेकोटम डाँशांक भाषावाही नामक अ-সিদ্ধ আধিরতিক পত্রীতে স্বাহ্মর করাইয়া লইলেন। এই 'मधानान' देश्हां जित्यत महामाना वावका, हेहा वांश প্रकामाद्यत यांधीनजा निर्मिष्ठे इहेन, - तांका সাধারণী সভার অনভিমতে প্রজাদিগের স্থানে কর সং গ্রহ করিতে পারিবেন না ইহাও নিরূপিত হইন, – আর অনেক লোকে অনেক প্রকার বিশেহ২ ক্ষমতা প্রাপ্ত হইল। ফলত: এই মহতী আধিক্লতিক পত্রী श्रम् छ करां—हेशांक नाना विशास तका करां—এवः ইহার পরিপক্তা সম্পাদনকরাই । ए, ইংরাজ জাতির তির শরণীয় অবিতীয় কীতি, তাহার সন্দেহ মাত নাই।

যন মূর্যতা করিয়া পোপের সহিত বিবাদে প্রান্ত ইইয়াছিল। ভাষাতে পোপ, ভাষার রাজ্য, ফ্রান্সরাজ ফ্<sup>বি</sup>দ্গকে অর্পন করেন। যন ভাষাতে

<sup>#</sup>ইংলওের রিজিন অনুনা ১৮ বার এই আধিক্তিক পত্রী দ্বীকার করিতে বাধ্য ছইয়াছিলেন।

তীত হইরা পুনর্কার পোগের শারণাপন হইল এবং বর্ষে২ তাঁহার নিকট কর প্রদান করিতে স্থী-কার করিল। অনস্তর পোপ তাহাকে নির্ভাগ করিলেন এবং কিনিপকে যুদ্ধে নির্ভা হইতে অনুমতি করিয়া পাঠ।ইলেন।

ষন, এইরূপে নীচত। এবং ছুফটভার পরাকার্ছ। श्रीनर्मन कतिया , शरत ५२३५ औछोटम त्नाकासुत গমন করিলেন। তাঁহার পুত্র ভৃতীর হন্ত্রী তৎ-ক্ষণাৎ সিংহাসনারোহণ করেন। ইনি সুশীন এবং ধর্মকর্মপরায়ণ ছিলেন। কিন্ত ইহার মন নিতান্ত নিজ্ঞে ছিল। ইনি কাহার পরামর্শ ব্যতিরেকে অয়ং সিদ্ধ হইয়া কোন কন্ম ই করিতে পারিতেন .না। প্রথমে তাঁহার ভাগিনীপতি আর্ল অব্পেরোক্ नाम। এक जन প্রধান ভূম ধিকারী সমুদায় র জকার্য্য নির্মাহকরিতেন। মত নিন ইনি জীবিত ছিলেন তত্তিৰ রাজাপালন নিতান্ত সন্দ হয় নাই। কিন্ত পেয়ে, কের পর অনেক ছফালোক হন্রীর পরামশী ছইতে লাগিল। কেহ বা ভূমাধিকারীদিগের সম্প-তির প্রতি লোভ করান্ডে তাহাদিগের বিষ-নয়নে পড়িল, কেহ বা ফান্সের সহিত যুদ্ধে প্রবৃত হইয়া পরাভব প্রাপ্ত হওয়াতে লোকের নিকট ধিকার, প্রাপ্ত হইল, আর কেছ বাংনিজ আত্মীর বর্গের নিভান্ত পক্ষপাতী হইয়া রাজকন্মেরি বিতরণ ুমারস্ত করাতে রাজকর্মাচারীদিগের মনে অতি প্রার্ভর ইর্যা জনা-

ইতে লাগিল। এইরপের জাশাসনের মথপা রানান্তি বিশুঝলা উপস্থিত হইলে পরিশেষে রাজার বিধবা-ভগিনী-পরিণেতা মন্টকোর্ড মামা ফ্রান্সদেশীয় च्याधिकांती देश्लाख जागमन कतिया लीला छे?● দাম পরিগ্রহ করত রাজকার্ফোর ভার গ্রহণ করিলেন। লীশেষ্টর কথন -রাজপক হইয়া ভুমাধিকারিবর্ণের দমন করিতে লাগিলেন—কথন বা ভূম্যধিকারিবর্শের পক্ষতাবলম্বন করিয়া রাজশক্তি হরণ করিতে লাগি-লেন এবং মধ্যেই সাধারণ প্রাক্তার্থের সহায়তা-বলম্বন করিবার অভিপ্রায়ে তাহাদিগতে রাজ-শক্তির কিঞ্চিৎ২ অংশ প্রদান করিতে থাকিলেন। লীশেষ্টারের মড়েই ইংলাওে 'হোম্অনু কমলা,' নামক সভার প্রথম সৃষ্টি হয়। ইংার পুর্বে কেবল প্রধান২ ভূমাধিকারি এবং যাজকবর্গ সাধারণী-সভা-ছলে অবস্থান প্রাথ হইতেন। একণে নাগরিক ও পল্লী প্রামনিবাসি প্রসারাও 'পার্লিয়ামেন্ট' সভাতে প্রতিনিধি প্রেরণ করিবার ক্ষমতা প্রাপ্ত হইল।

লীশেষ্টরের হত্তেই এই মহৎকার্য সুসিদ্ধ হয়। কিন্তু এত করিয়াও তিনি সকলের প্রিয় হইতে পারেন নাই। তিনি লে, তাহাদিগের রাজ: ও রাজ-পুত্রকে বন্দীপ্রায় করিয়া রাখিয়াছিলেন, লোকে তাহাই দেখিল; তাঁহার দারাই যে তাবি মন্ধলপ্রাম

<sup>#</sup> ভূম বিকারি-ব পরি পুচলিত নাম তাঁছাদিপের অধিকারের -নামানুসারেই হইরা অকি।

দর্শনের অথম সোপান হয়, কেহই তাহা বিবেচনা করিল না। ফলডঃ সকন প্রধান লোককেই এই এক মহৎছুংখ ভোগ করিতে হয় দে, তাঁহারা ঘাহা— নিগের উপকারের নিমিত্ত যাবজ্জীবন চেন্টা করেন, তাহারাই উইাদিগের প্রতি বিরূপ হইয়া থাকে। কিন্তু ইহার কারণ মনুবোর ক্রডযুতা দোম নহে। প্রকান ব্যক্তিরা ঘতাবডঃই দ্রদ্রশী হইলা পরিণামে. কি রূপে লো কর উপকার দর্শিবে, ইহাই চিন্তা ক— রেন; অদ্রদ্শী অন সাধারণ তাঁহার কার্য্যের তাং— পর্যা বুঝিতে পারে না, স্তরাং তাঁহার প্রতি বিরূপ হইয়া উঠে।

রাজপুল এড্ওয়ার্ড, নিতার ন্যায় অকম থাজি ছিলেন না। তিনি কৌশলপূর্মক একনা লীশে-ফরের হস্ত হইতে মুক্ত হইয়া দ্বায় সৈন্য সং-গ্রহ করিলেন এবং সন্মুখসং প্রায়েক লীশেফরকে নিহত করিয়া পুনর্মার পিতাকে সিংহাসনে স্থাপন করিলেন। ১২৭২ খৃ:অব্দ ভূতীয় হন্রীর মৃত্যু হয়। এই অবধি নিন্ ইংলণ্ডের প্রাদ্ধতান হইতে আরম্ভ হইল। নর্মান্ এবং সাক্সন্ বলিয়া পূর্মে প্রসায়২ যে রূপ বিবেষ ভাব ছিল, তাহা প্রায় সক-লই বিশুপ্ত হইয়া গিয়াছিল এবং এক্ষণে ইংরাজেরা প্রবল্ভর হইয়া অপরাপর জাতির প্রতি বল প্রকা-শের উপক্রম করিতে আরম্ভ করি লন।

<sup>#</sup> करुगर नद्र यूटक ।

## ড়ভীয় অধ্যায় !

[ क्यांन् ४ नीकृत्युष्टिश्व म्याक्त-दान्यकार्थाकक वृद्ध्यंत्र भूषार-अञ्चेशार्क ३व ता शेर्षश्रह-कृत्व काज्यव -- अग्राद्यन-ज्ञान-रम् अञ्ज्ञार्क-अम् अञ्ज्ञार्ज-क्याद्य-क्राद्यन्त्र

পৃথি ছই অধ্যায়ে বর্ত্তমান ইংরাভ জাতির উৎপতির বিবরণ কথিত ছইয়াছে। সাক্সন্ এবং
নর্মান দিগের গরস্পর সম্মিলনেই প্ররত ইংরাজভাতির উৎপতি হয়। সেই সম্মিলনের প্রধান কারণ
এই দে, ঐ ছুই ভাতির বাস্তবিক মূল ভিন্ন ছিল না।
উত্তরই টিউটন্জাতীয় লোক ছিল; মতরাং তাহানিগের
আদিমভাষা, আদিম ধর্ম এবং আদিম রীতি, নীতি
একপ্রকার হওয়াতে, উহারা সহজেই মিনিত হইতে
পারিল। কিন্ত উক্ত ফাতিম্বেরে একীকরণ যে, অতি
শীঘুই সম্পান হয়, ভাহার জারও একটা কারণ ছিল।
তাহা এই দে, ইংলণ্ডের রাজারা জতি অল্প্রনাল মধ্যাই পৈতৃক জালিবারচাত হইয়। কেবল ইংলণ্ডকেই সার করিয়ালীকিলেন; মতরাং তাহাদিশের এবং
তল্পাতীয় কুলিনি শুমুমাধিকারিগণের সন্তাম সন্ততি

ইংলণ্ডে জাত, শিক্ষিত,এবং সাক্ষন্ অনুচর ও স-ছচরবর্গ-পরিবেফিত হওয়াতে অতি শীঘুই সার্-সন্দিগের প্রতি ঘৃণা-বেষ-বর্জিত ছইয়া উঠিল।

এতয়তিরিক্ত রোমান কাথনিক ধর্ম প্রণালীর
একটা ক্মহংগুণ এই দে, ইহার শাসনাধীন প্রায়ই
লাতিভেন্-ক্রনিত রেমান্নের অধিক প্রবন হইতে
পারে না। রোমান কাথনিকনিগের মতে যাজক
মাত্রেই অনা সর্কার্যসায়ি লোক অপেকা প্রেষ্ঠ;
ক্ষতরাং কোন ব্যক্তি হতই নীচবংশোন্তব হউন
না কেন, তিনি যাজকের ব্যবসায় গ্রহণ করিলেই
সকলের পূজনীয় হন। রোমান কাথনিক যাজকের।
এইরূপে কেবল জাপনাদিগের গৌরব রিন্ধি করিবার
ভাতিপ্রায়ে অনা সকল লোকের মধ্যে জাতিভেন্দ
প্রবল হইতে নিতেন না। হজমানের। সকলেই সমান,
মাজক মাত্রেই তাহাদিগের মাননীয়, এই সংকার
প্রবল করাই রোমান কাথনিক যাজকদিগের উদ্দেশ্য ছিল।

যাহ। হউক প্রাক্ত ইংরেজ জাতি জন্ম এছণ মা-তেই চতুর্দিগে আগনার প্রাবলা প্রকাশ করিতে আরম্ভ করিল। তাহাদিগের রাজ প্রথম এত ওয়ার্ড, উহার পিতার নাম জক্ষম পুরুষ ছিলেল না। তিনি লীসেইরকে মই করিয়া প্রতিকে সিংহা-সনাধিশুক্তি করেল এবং আগনিক্ষধর্ম দির্গত হইয়া জুল্লিয়া প্রদেশে যান। তথ্য পিতার লোকা-

ন্তর গমন বার্ত্তা প্রবণ করিয়া এড্ওয়ার্ড স্বরাজ্যে প্রত্যাগমন করিলেন এবং প্রথমেই ওএল স্থ প্রদেশ জয় করিয়া আপন রাজ্য সম্ভুক্ত করিলেন। রাজী এইযুর্দ্ধের পর ওয়েল্সে অবস্থান করত এক নবকুমার প্রাসব করেন; এইজন্য এড্ওয়ার্ড আপন পুত্রকে 'প্রেফা্ ভাব্ ওএল ্স' উপাধি প্রদান করেন এবং দেই অবধি ইংলতের যুবরাজ মাত্রেই ঐ উপাধি প্রাপ্ত হইয়। আসিতেছেন। ওয়েল্স্জয় হইবার পর এত এয়াড , স্ফালেও দেশও নিজ অধিকার সত্তুক করিবার মানস করিলেন। এ সময়ে ऋট্-লণ্ডের রাঞ্চাদন শূল্য ছিল, কে রাজ্যাধিকারী হইবে তাহার নিশ্চয়তা হয় নাই। প্রতিদ্বন্দিগণ এড্ওয়াড কৈ মধ্যস্থ মানিলে পর তিনি বলিলেন, ভোমাদিগের নধ্যে যে আমার নিকট অধীনতা স্বী-কার করিয়া রাজ্য গ্রহণ করিবে, আমি তাহাকেই রাজ্য দিব। 'বেলিয়ল' নামক এক ব্যক্তি তাহা স্বীকার করিয়া রাজ্য প্রাপ্ত হইলেন। কিন্তু স্বট্-লণ্ডের প্রজা সমূহ আপনাদিগের জন্মভূমির অগৌ-

<sup>#</sup> এই রাজীর নাম 'ইলিয়ানর' ছিল । ইনি স্থানী-সমন্তিব্যাহারে স্কৃতিয়া পুনেশে গিয়াছিলেন এবং তথায় কোন্
দুর্ত মুসলমান এত্ওয়ার্ডের পুনি সংহারার্থ বিবাক্ত অফ্র
নারা তাঁহার পরীরে আ্যান্ড করিলে, পতিব্রন্ত। পত্নী নিজ লাবন প্রত্যাশা পরিহার পূর্বকি মুখ দারা ক্ষত ভাগ চোষন করিয়া বামীর জীনন রক্ষা করিয়াছিলেন। ইম্বারান্থছে তাঁহার ও অমুলাজার্বনের কোন ব্যাহান্ড হয় নাই !

রব সহা করিতে পারিল না। তাহারা অত্যাপ কাল মধে।ই বিজোহ উত্থাপন করিল। এড্ওরাড मटेमरना गमन कत्र करे लाकिनिगरक नमन कतियां আপনার আধিপত্য সংস্থাপন করিলেন। ইহার পর ক্ষ্ণন্সের সহিত বিবাদ উপস্থিত হওয়াতে তাঁহাকে তদ্দেশে গমন করিতে হইল। সেই অবকাশে 'ওয়া-লেস্, নামা স্প্রনিদ্ধ স্বদেশহিতৈথী মহারা স্কটলওে তাপন প্রভাব প্রকাশ করিতে আরম্ভ করেন। তিনি প্রথমে অতিঅপমাত্র সহচর লইয়। ইংরাজনিগকে আক্রমণ করিতে লাগিলেন। পৃতি উদার্যেই জয় লাভ হওয়াতে তাঁহার দল পুষ্ট হইতে লাগিল এবং এড্-ওয়ার্ছ সুপল হইতে ফিরিয়া না আসিতে আসিতেই সমুদায় স্কট্লশু দেশ পুলব্ধার স্বাধীন হইয়া উঠিল। কিন্তু ইংলগু রাজ স্বয়ং শ্বন্ধলে উপস্থিত হইলে আর 'ওয়ালেদের' প্রভুত্ব থাকিল ন।। স্কট্ দিগের বৈন্যাণ পরাভূত হইল। 'ওয়ালেস্' প্রথমতঃ ইতস্ততঃ পলাইয়া বেড়াইতে লাগিলেন এবং পরি-শেষে কোন জঘনাধ্য ধনলুদ্ধ বন্ধু কর্তৃক এড্ও-য়ার্ডের হত্তে সমর্গিত ছইলে লগুন নগরে আনীত ও বিদ্রোহী বলিয়া ঘাতক কর্তৃক নিহত হইলেন। এই কার্যাটা বীরপ্রকৃতিক এড্রন্তীডের নিতাস্ত अर्गाभा दहेग्राष्ट्रिन।

কিন্তু জাবার কিছুকাল পরে বুর্ন \* কামা একজন

\* আমাদিগের বস্তমান গরন্ত্র বুদ্দর্গ লর্ড এলুগিন বাহা
র এই মহানুভাবের বংশ সভুতঃ

বীর পুরুষ ওয়ালেদের মতাবলদী হইয়া নিজ জন্ম ভূমির স্বাধীনতা সাধনার্থ পুনর্কার মত্রান্ হই-লেন। এড্ওয়ার্ড তদ্মনার্থ গমন করিয়া প্রি-मरभा लोकिको लीला मध्यत करतम । পুত্র দিতীয় এড্ওয়ার্ড রাজ্যাধিকারী হইয়া আপনার মূর্যতায় বুদের নিকট পরাভূত হইলেন∗ এবং তাঁ-হার ছঃশীলা রাজী† ইংলতের ভুমাধিকারিবগের সহিত মিলিত হইয়া তাঁহাকে যুদ্ধে পরাভূত করত রাজকার্য্যে অক্ষম বলিয়া বন্দীরুত করিয়া রাখিল। প-রিশেষে অবজ্ঞব্য সন্ত্রণাসহকারে শ্বিতীয় এড্ওয়াডেরি প্রাণবধ হয়। ইহার পুদ্র 'তৃতীয় এড্ওয়াড্ ' পিতৃসত্ত্বে রাজোপাধি প্রাপ্ত হইয়াছিলেন। তিনি যত দিন অপ্রাপ্ত-ব্যবহার ছিলেন তাবৎ কাল তাঁ-হার মাতা ও ততুপপতি 'মটিমর' নামক একজন ভুমাধিকারী সমুদায় রাজকার্য্য নির্ম্বাহ করিতেন। পরে এড্ওয়ার্ডের পক্ষীয় ভূমাধিকারিগণ মটি মর-কে নফ্ট করিয়। রাজমাতাকে কারানিকদ্ধ করিয়া রাথিলেন। এডওয়ার্ছ প্রথমেই স্কুল্ড আক্রমণ করেন। সমুখ সংগ্রামে তাঁহার জয় হইল। কিন্ত তিনি নিজ রাজ্যে আগমন করিবামাত্র স্কট্লণ্ডের প্রজাগণ পুনর্বা 🕊 স্বাধীনতা গ্রহণ করিল। এদিকে ফুান্সের রাজাসন শ্ন্যা‡ হওয়াতে এড্ওয়াড

<sup>#</sup> वानकदर्श्व यूर्क ।

<sup>া</sup>মু'সারাজ চতুর্থ কিবিপর দূহিতা ইসেবেলা।

<sup>1</sup> क्टूर्थ कान रमन मृत्रुत भन्न।

ৰলিলেন লে, আমার মাতা ফ্রান্সরাক্ত ছহিতা; অত-এব আমিই ফু†ন্সেররাজ্যাধিকারী হইব। কিন্ত ফরাদীদিগের দেশীয় ব্যবস্থানুসারে স্ত্রীলোক মা-ত্রেরই রাজাদনে অধিকার ছিল না। ইংলগু तां के वावका मानितन नां, किन्छ कतां मीता उांचात কথা জ্ঞাহ করিয়া 'ভালোয়া'-বংশীয় 'ফিলিপ'! নামক প্রকৃত রাজ্যাধিকারিকেই রাজাসন প্রদান कतिल। এই ऋण क्षांका ध्वश देशल एक विन-স্থায়ী বিবাদের প্রথম সূত্রপাত হয়। এড্ওয়ার্ড ১৩৪৬ খ্রীক্টাব্দে দ্রাকা রাজ্য আক্রমণ করিয়া 'ক্রেসী' নামক একটা ক্ষুদ্র .আমের নিকট একদা তুমুল সংগ্রাম করেন। তাহাতে ত্রিংশৎসহস্ देश्न छीत्र टेमनाक र्कुक नक्षाधिक कताभी रमना পরাভূত হইল। এই মুদ্ধে ইংরেজের। সর্ব প্রথমে কামানের ব্যবহার করিয়াছিলেন। কিন্তু তাঁহাদিগের জয় কামানের গুণে, অথবা লেহিবর্মাধারি অখা-त्रोष्ट ज्याधिकाति रेमनिकशर्भत विस्थय विज्ञास्त्र, इम्र नारे। অশারোহ रेमना कतामी पिराव अदयन সাহসিক, রণদক্ষ এবং বিক্রমশালী ছিল, ইংরাজনি-গেরও তদ্রপই ছিল। কিন্তু করাসী পদাত সৈন্যে এবং ইংলগ্রীয় পাদাত সৈন্যে অনেক প্রভেদ হইয়া-ছিল। ইংলগ্রীয় সাধারণ প্রজাগণ আর তাহা-

<sup>#</sup> इहारक 'माजिकना' वरम !

<sup>‡</sup> ইছাঁকে ষঠ ফিলিপ বলে এবং ইনি ৪র্থ চার্লসের খুল্ল-ভাত পুত্র ছিলেন।

দিগের ভূম,ধি**ক্ষা**রিবর্গের নিতান্ত দাসস্থরূপ ছিল না। উহারা স্বাধীনতার স্থতোগ করিয়া স্বদেশের হই-য়াই দে, বৃদ্ধ করিতেছে এমত ভাবিতে লাগিল; সু-তর্হ প্রাণ পণ করিয়া সংগ্রাম করিল। এই মৃদ্ধে ইংলত্তের যুবরাজও বিলক্ষণ ক্ষমতা প্রকাশ করিয়া-ছিলেন। তিনি সচরাচর ঘোর তিমিরবর্ণ বর্মা ধারণ করিতেন; এই হেতু সকলে তাঁহাকে 'বুসাক্পিন' (क्रस्कक्रमात) डेशांधि श्रामान कतिया हिल। यथन कता-নী এবং ইংরাজ সৈন্যে যোরতর সংগ্রাম হইতেছে এবং 'বুণাক্পিন্ধা,' সকলের ক্ষতাবতী সৈন্চয় লইয়া মৃদ্ধ করিতেছেন, তথন একজন দৈনিক পুরুষ রাজসমকে উপস্থিত হইয়া 'মহারাজ ৷ রাজকুমারের সাহাযার্থ কিছু দৈনা প্রেরণ করুন,' এই বলিয়া ব্যএতা পূর্মক অনুরোধ করিলে রাজা বলিলেন 'কেন আমার পুত্র জীবিত আছে ত'?। এ ব্যক্তি উ-ত্তর করিল 'ই। তিনি কুশলে আছেন কিন্তু সং-আম অতিশায় ভয়ত্বর হইতেছে'। রাজা বলি-लन ' তবে আর অধিক সৈন্যের প্রয়োজন নাই, युवताकरक वन ए, डाँशांक এই युष्क्र नारेष्ट्रे উপাধি এহণের শেগাত। দর্শাইতে হইবে'। 'বাক-প্রিল' বিনা সহায়তাতেই যুদ্ধবিজয় করিলেন। এই যুদ্ধের পর এড্ওয়ার্ড কালিস্ক নগর অবরোধ করেন। নাগরিকেরা একাদশ মাস তাঁহার সহিত

<sup>#</sup>ডোবর প্রধালীর ভীরবতা কালিস (কালে)নগর ৷

যুদ্ধ করে। পরে যথন তাহার। নিতার তাক্ষম হইয়া তাঁহার নিকট শারণ প্রার্থনা করিল, তথন তিনি জ্বন্ধ হইয়া বলিলেন, ভোমানিগের মধ্যে কতিপয় প্রধান২ বাজির প্রাণ নাশ না করিলে জানি কান্ত হইব ন।'। মহায়া 'য়ৢয়ৌদ্ভিদেউ পীয়র' প্রথমেই নিজ জীবন দানপূর্বক নাগরিকবর্গের निक, जिमाश्रास मन्य उद्देश हिलन। उँ। हार मृथ्ये।-স্তানুগামী হইয়া আরও কতিপয় উদারচরিত ব্যক্তি স্বহ গলদেশে শৃথল বন্ধনপ্রব্ধক 'এড্ওয়া-ডের সমকে আংসিয়। উপস্থিত হইলেন। 'এড এ-য়াড' উহাঁদিণের প্রতি তর্জন গর্জন করিতেছেন, এমত সময়ে রাজমহিথী 'দিলিপা' স্বামীর পদাবনত হইয়া ভাঁহার ছানে ঐ ব্যক্তিনিগের প্রাণ ভিকা করিলেন। রাজ। সেই গুণবতী ধর্মাপত্নীর করুণ-প্রার্থনায় অসম্বত হইতে পারিলেন ন। উক্ত নাগ-রিকদিগকে মুক্ত করিয়ানিলেন এবং কালিদ্ নগরে আপন সৈন্য সরিবেশ করিয়া উই। আপন অধিকার-সম্ভুক্ত করিলেন।

শে সময়ে ফালে এই ব্যাপারঘটতেছিল
সৈই কালে ফালের মিত্র রাজাঁ, ফট্লণ্ডের অধিপতি, উত্তরদিক্ হইতে ইংলও আক্রমণ করিয়াছিলেন। কিন্তু রাজ্ঞী অবিলব্দে সমৈন্যে গমন
করিয়া তাঁহাকে পরাভূত ও বলীকত করিয়া আনিলেন। এড ওয়ার্ড, ব্যাক্থিটের হতে ফালের
য়্দ্রকার্য্য সমর্পণ করিয়া স্বলেনী প্রতিগমন করি-

লেন এবং ইহার অত্যাপাকাল মধ্যে ক্রাকারাজ ফিলি-পের মৃত্যু হইলে তাঁহার ভাত। 'যন্' তদ্দেশের সিং-হাসনারোহণ করিলেন। যনের সহিত ব্লাক্প্রিন্সের একটা ভয়ঙ্কর যুদ্ধ হয়। তাহাতেও অত্যাপ ইং-রাজ সৈন্যকর্তৃক তাহার পঞ্চগুণ ফরাসী সৈন্য পেই-টীয়র্সের' নিকট সন্মুখ ধুদ্ধে পরাভূত হইয়াছিল। এই বুদ্ধে ফ্রান্সরাজ স্বরং ধৃত হইয়াছিলেন। স্শীল 'ব্রাকপ্রিফা' বন্দীকৃত রাজার সবিশেষ গৌরব করিয়। তাঁহাকে পিতৃসদনে আনত্তন করি-লেন। অতএব কট্লও এবং ফুক্স ছই নেশের ছুইজন রাজা তখন ইংলতে বনীভূত হইয়া রহি-লেন । ব্রাক্প্রিস, ইহার কিছুকাল পরে স্পেন দেশে গমন করিয়াছিলেন এবং 'নাজারার' যুদ্ধে জয়া হইয়া শরণাপন্ন স্পেনীয় ভূপতিকে তাঁহার সিংহাসন প্রানান করিয়।ছিলেন। কিন্তু এই স্পেনে গিয়াই যুবরাজ পীড়াএত হন্ এবং অচিরকাল मधा (लोकिकी लील। मध्येश करवन । এড ওয় डि তাদৃশ গুণশালী সংগার্মিক পুত্রের মরণে মর্মান্তিক ছু:খারুত্ব করিয়া ১৩৭৭ খ্রীফীব্দে কলৈবর পরিত্যাগ করিলেন।

ইংরেজের। এড ওরাডের সময়ে দের প প্রবল ইইরাছিল তাহা দেখিলে বিলক্ষণ বোধ হয় যে) উহাদিগের বারা পুনর্কার সমুদায় ইউরোপে রোবা-ধিকারের ন্যায় একাধিপতা সংস্থাপিত ইইতে পারিত। তথকালে তাহার। বল ও রুদ্ধি উভয়েতেই সমান হইয়াছিল। 'চসর্' নামক মহাকবি ঐ সময়ে সর্বপ্রথমে ইংলণ্ডীয় ভাষায় কাব্য রচনা করেন।
'উইক্লিফ্' নামক অপর এক ব্যক্তি 'রোমান্ক।থ
লিক' ধর্মপ্রপানীর লোধোনেবাধণ করিয়া 'বাইবলের' কিয়লংশ ইংরাজিভে অনুবাদিত করেন।
ইহার পূর্বে আদালতে করানী ভাষার ব্যবহার হইত,
এক্ষণে তাহাও রহিত হয়। অতএব এই সময়ই
ইংরাজদিগের বল, বিক্রম, শিশপনৈপুণ্য এবং কাব্য
শাস্তাদি রচনার প্রথম অভ্যুদয় কাল। কিন্তু
অন্তর্বিবাদেই উইাদিগের সমস্ত বল পর্যাবসিত
হইয়া ধায়; সতরাং তাহারা বেরূপ উল্যম করিয়া
উরিয়াছিলেন ইউরোপথতে তুরুরূপ সামাজা—
স্থাপন করিতে পারিলেন না।

## চতুর্থ অধ্যায় ৷

---

[ ২য় রিটার্ড-ওয়াটুটাইলর-৪র্থ ছন্রী-৫ম ছন্রী-৬৯ ছন্রী-গোলাপবয়ের যুক্ষ-৪র্থ ওজ্ওয়ার্ড-৫ম এজ-ওয়ার্ড-০ য় রিচার্ড-টিউজর বংশ। ]

তৃতীয় এড্ওয়াডের ছয় পুত্রের মধ্যে জাষ্ঠ তিন জন পিতা থাকিতেই লোকান্তর গমন করেন। তমধ্যে সর্ম-জ্যেষ্ঠ ব্লাক্ প্রিম্সের একপুত্র এবং তৃ-তীয় পুত্র লাই ওনেলের এক কন্যা সন্তান থাকে। ব্লা-কপ্রিমের পুত্র বিতীয় বিচাড নাম পরিএছ পূর্মক পিতামছ রাজ্যে রাজ্য হইলেন। এবং তাঁছার বয়ঃ প্রাপ্তি পর্যান্ত চতুর্য খুল্লতাত 'চিয়ুক্সব্লাক্লাফর' রাজকার্যা নির্মাহ করিতে লাগিলেন।

রিচার্ডের রাজ্যকালে ইংলণ্ডের সাধারণ প্রক্রা গণের মধ্যে এক ভয়ন্ধর বিজ্ঞাহ উত্থাপিত হইয়া-ছিল। ভাষার মূল কারণ এই যে,রাজা ও ভূম্যাধিকারী সকলেই উহাদিশের পীড়ন করিতেন; এমন কি,পুর্বেষ্ক সাক্সনদিগের মধ্যে ঘেরূপ ক্ষবিবর্গ দাসত্বশৃঞ্জলে বদ্দ ছিল, অদ্যাপি সম্পূর্ণ-রূপে ভাষা খণ্ডিত হয় নাই। কোথাও২ ভূম্যধিকারবিক্রয় কালে সেই ভূমিনিবাসি ক্ষবকেরাও বিক্রীত হইত এবং নাগরিকেরা কোন

পরা ক্রান্ত ভূম্যধিকারীর শরণাপর হইয়া না থাকিলে তাহাদিগের প্রতিও যথেষ্ট অত্যাচার হইত। কিন্ত ইং-লণ্ডের বাণিজ্যবিস্তার হওয়াতে জনসাধারণের মধ্যে ধন ও বিবিধবিষয়জ্ঞতার হৃদ্ধি হইতে আরম্ভ হইয়া-ছিল; স্বতরাং তাহারা আর দাসবদশায় পরিভুফ থা কিতে পারিত না। উল্লিখিত বিদ্রোহের ইহাই প্রকৃত কারণ বটে; কিন্তু অপর একটা ব্যাপার উপস্থিত হও-য়াতেই ইহা তথকালে উদ্ৰিক্ত হয়। তথন ইংলঙ্কে কর আদায় করিবার এইরীতি ছিল ে, পার্লিয়ামেন্ট সভার অনুমতিক্রমে কোন কর নির্দ্দিট হইলে রাজা আপনার লোক দিয়া ঐ কর আদায় করিতেন ন। তশীলদারদিগের স্থানে ইচ্ছাসুরূপ প্র লই-য়া ঐ করানায়ের ভার তাহাদিগেরই হত্তে সম-র্পাণ করিতেন। এই সময়ে পার্লিয়ামেন্টের মতে একটা পোল্টাকুদ্ শ নিরূপিত হইয়াছিল। ঐ পোলটা-কুদের তাৎপর্য্য এই ফে, পঞ্চদশবর্ষের অধিক বয়স্ক পুরুষমাত্রকেই সমপরিমাণে কর প্রদান করিতে হইবে। এইরূপে কর নির্দেশ করা অত্যন্ত অনাাযা। কারণ ইহাতে আ্যা এবং তু:স্থ সকল প্রজাকেই জুলামূল্য কর। হয় এবং তাহ। করিতে গেলেই ছুঃখি-

<sup>#</sup> हिन्दुश्मावनशी (দিগের পূতি 'জিজ্য়া' নামক যে কর
আরে (এরংজেব) ও অন্যান্য দুর্তি মুসলমান বাদসাহদিগের ছারা নিরুপিত ছইত তাছার পুকৃতিক এইরুপ ।
বর্ত্বান ইন্ক্য টাক্সের এই পুকার কোন দোষ নাই।

লোকের সমৃহ কট হইয়া থাকে। যাহা হউক, এ পোলটাকুসের আবায় হইবার সময়ে সকলেই ননে২ অতিশয় বিরক্ত হইয়াছিল, কিন্তু মুখে কেহই কোন কথা বলিতে সাহস করিত না। এমত সময়ে ' ওয়াট্ ' নামে এক ব্যক্তির নিকট উক্ত কর আদায়ের শিমিত যাইলে দে আপনার নিমিত্ত যথোচিত কর প্রদান করিয়া বলিল, আমি বই আর আমার বাটীতে পুরুষ मार्ड; आभार পরিবারে কেবল একটা কন্যা সন্তান गां । कर्तानाशी कहिल "देक द्यामात तम कना। दका-থায় ? আমি দেখিতে চাই" ওয়াট্ তৎক্ষণাৎ আপন য়বতী কন্যাকে বাহির করিয়া দেখাইল। কিন্তু ঐ ছুবা-দা ভাহাতেও তু ফ না হইয়া বলিল, ইটি স্ত্রীলোক কি পুক্ষ তাহা বিশেষ করিয়া জানা আবশ্যক। এই বলিয়া সে ঐ যুবতীর বস্ত্রহরণের উদ্যম করিলে পিতা আর ক্রোধ্দমরণে অসমর্থ হইয়। তাহার মন্তকে মৃদ্ধার প্রহার করিলেন। এক আঘাতেই তুর্জার পঞ্চত হইল।

শুরাটের প্রতিবাদিগণ অবিলয়ে এই ব্যাপার শ্রাবণ করিয়া সকলেই তৃষ্ট হইল এবং তাহাকে রাজ-দণ্ডেদণ্ডিত না হইতে হয়, এই অভিপ্রায়ে তা-হার সহিত আদিয়া নিলিত হইতে লাগিল। কতিপন্ন দিবসমধ্যেই নানা অন্ত্র শস্ত্রধারী যন্তি সহশ্রাধিক ব্যক্তি গুরাটের দলে নিবিষ্ট হইল। তথন তিনি প্রজাসাধারণের শ্রতীয় ছুঃখ এক ঘোষণাপত্রীতে-

লিপিবদ্ধ করিয়া চতুর্দ্ধিকে প্রাচারিত করিয়া দিলেন এবং আপনি লওননগরভিমুখে যাতা করিলেন। রাজা আপন মন্ত্রিবর্গসমবেত হইয়া ওয়াটের সমক্ষে উপনীত হইলে সে তৎকণাৎ অঞ্সর হইয়া রাজাকে আপনাদিগের তাবৎ তুঃখবিবরণ বিজ্ঞাপন করিতে লাগিল। ওয়াট সাহসপ্রাপ্ত হইয়াছিল; অতএব দে মুক্তকঠে রাজার ও ভুমাধিকারিবর্ণের দৌরাত্ম वर्गन कतिएक लागिल এवर महार इंख्डोरकां नमानि বাগ্যি-সমূচিত অঙ্গভঙ্গীও করিতে আরম্ভ করিল। তদর্শনে একজন রাজপারিষদ হঠাথ তাহার প্রতি चाक्रमण कवितन अवः चित्रता मकता मिनिया তাহার শরীর খণ্ডথ করিয়া ফেলিলেন। প্রজাগণ-তর্দ্ধনে মহাকুপিত হইল এবং রাজা স্বাং সাতি-শয় প্রভাৎপন্ন-মতির-কার্যা না করিলে, বোধ হয়, তংক্ষণাৎ অতি ভয়ন্বর অনর্থ ঘটিত। কিন্তু রিচার্ড, अञ्चारिक मृज्यानर्भन माज প্রজাদিশের নিকটে ধাব-मान इरेश (शालन এবং উচ্চ: श्वात बनितन "(इ প্রকৃতিবর্গ ! তোমাদিণের নায়ক হত হইলেন বলিয়া তোমারা ছঃখিত ছইও না; আমি স্বয়ং তোমাদিগের পরিচালকতা গ্রহণ করিলাম, এবং মাহাতে তো-मोमिराव मकल पू:श्विरमांचन द्य, अवनारे अमञ করিব''। জনগণ রাজার এই বাক্যে জুফী হইয়া ্ওয়াট্টাইলরকে বিশ্বত হইয়া গেল এবং মহারা-জের জয়, মহারাজের জয় ! এই বলিতে২ রাজার

शकां २२ गहिए नागित। दिवार्ड, शानिशास्त्रित অভিমত করাইয়া প্রক্রা সাধারণের প্রতি দৌরাক্রা নিবারণার্থ কতকগুলি ব্যবস্থা নিরূপিত করিলেন। প্রসাবর্গ তুট হইয়। স্বৰ্থ স্থানে প্রতিগমন করিল। অ সময়ে বিচাতেরি বয়:ক্রম বোডশবর্ষ সাত্র হইয়:-ছিল; স্তর ং সকলেই অর্মান করিল, ক্রুম তরুণ বয়সেই রাজার এমত বুদ্ধি, তথ্য বয়োধিক হইলে देनि একজন প্রধান বাক্তি হইবেন। किন্ত ছুর্ভাগা-ক্রমে ভাগর ঠিক বিপরীতই ঘটরা উঠিল। রিচা-র্ডের যত বয়সু বাডিতে লাগিল, তিনি ততই ছুফী-চার এবং ইন্দ্রিয়প্রায়ণ হইলেন। প্রানাতেই ঠাহার প্রতি বিরূপ হইয়া উঠিল। বিশেষতঃ তিনি অনেকানেক ভূম্যবিকারীকে বিবাসিত করিয়াছিলেন; ভন্থো তাঁহার খুলতাত লাকাফীরের পুত্র হন্রীও क्षक द्वरण निकामिङ इन्। अकना दिवा के जायार्न-(थत विद्यां प्रमार्थ ज्लाम भग कतिल, इन ती के मूर्गाल देश्लाख अंडांगमन कविलन। जान-বানেক ভুমাধিকারী তাঁহার সহিত মিলিত হইল-রিচাডের সৈন্যগণ্ড সেই পক্ষ আভায় করিল-এবং তিনিও অভ পাকা নমধ্যে হন্ধীর করকবলিভ হইয়া প্রিলেন। পার্লিয়ামেন্ট সভার সন্সাগণ একমত ক্রিয়া হৰ্বীকে রাজাদাভিষিক্ত করিল। রিচার काम डे गर्छ गरधा निकन्न दृष्टितम । किन्न रिमि

রাজাসন হইতে অবতারিত হন, তিনি সমাহিত না হইলে শক্রেবর্গের মনস্থাটি হইতে পারে না। রিচ্পের্ড কারাগার মধ্যে অনশনে প্রাণত্যাগ করি-লেন।

'চতুর্থ হন্রী' অ তি সক্ষ বাজি ছিলেন, কিন্তু তিনি হাক্স হইয়া এক দিনও মনের স্থাথ থাকিতে পারেন নাই। অন্যায়োপাৰ্জিত রাজ-মুকুট তাঁহার মন্তকে ক তকমুকুটবৎ বিদ্ধ হইতে লাগিল। বিশেষতঃ হে সকল পরাক্রান্ত ভূমাধিকারিগণ তাঁহাকে রাজা-মুনে উন্নত করিয়াছিলেন, তাঁহারা উহার অবাধ্যতা-চুর্ণ করাতে অতি ঘোরতর বিবাদ উপস্থিত হইল। व्युद्धी प्राञ्चवरल मिटे मकल विवाप উ्लीर्ग इहेरलन বটে∗কিন্ত নিরন্তর ছুশ্চিন্তায় তিনি অকালে ভীর্ণ इहेश পড़िलन। १८३० औछोट्स इन्तीत मुक् হুইল। তাঁহার পুত্র পঞ্চম হন্বী' যৌবনাবস্থায় অতি দুর্দ্ধান্ত এবং নীচ্মঞ্চপ্রিয় ছিলেন। কিন্ত রাজাপন প্রাপ্ত হইবামাত্র তাঁহার চরিত্র সম্পূর্ণ-রূপেই পরিবর্ত্তি হইয়াগেল। তিনি অতি বিচ-ক্ষণ মন্ত্রিবর্গের সহায়তায় স্বন্দর্রূপে রাজ্যপালন कतिएक लोगिलन ।

এই সময়ে ইংলও যেমন প্রবল, ফুক্স তেমনি

<sup>\*</sup> অনুস্বরীর মুদ্ধে তাঁহার অভিথবল প্রতিপক্ষ উপচেতা প্রিছট শার পুান পরিভাগি করেন।

ত্বল হইয়াছিল। ফু†জোর রাজা ৺রাজকার্যো অশক্ত इरेशाहित्नन। अठ aव 'अनो जि, aae 'वर्श छै।' এই ছুই প্রাদিদ্ধ ভুষাধিকারের † 'ডিউকের।' কে রাজার প্রতিনিধি হইয়া রাজাশাসন করিবেন, এই বিষয় লইয়। অতি যোরতর বিবাদ হইতে-ছিল। পরিশেষে বর্গতির ডিউক ইংলত্তের রা-জাকে আশ্রয় প্রদান করিতে স্বীকার করিলেন। হন্রী তৎক্ষণাথ সমৈন্যে দৃশক্ষে উপস্থিত হইয়। দ্বন আরম্ভ করিলেন। একন। অসংখা ফরাসী-দৈন্য আসিয়া ভাঁহাকে আক্রমণকরে। ভাহাত্তে नकरन जीउ इदेशाहिलन, किछ युद्धवीत दन्दी, ক্রেদী এবং পইটিয়র্দ স্মরণ করিয়া, সাহস পূর্বক সংগ্রামে অঞ্সর হইলেন। 'আজিন্ কুরের' মুদ্ধে ফরাসীর। সর্বতোভাবেই পরাজিত হইন। ইহার কিছুকাল পরে ফ্রাসরাজ-ছহিতার সহিত হন্বীর বিবাহ হইল। এবং তিনিই তাৎকালিক রাজার‡ युड़ा इद्देश्त द्राजाधिकांदी इदेखन, देश अ निर्द्धि इहेन।

যদি হনুরী ইহার পর অধিককাল জীবিত থাকিতেন তবে, বোধ হয়, ফুান্সরাজ্যেই ইংরাজ-দিগের রাজধানী সংস্থাপিত হইত এবং তাহা

<sup>#</sup> यर्थ ठार्जम

<sup>া</sup> অলালি ( অলেঁরা) এবং বর্গতী পুদেশ জনার্ছে ফ্রাস্দেশের পশ্চিম এবং পুরেরিতরভাগে সংস্থিত। বিভ চার্লের ঃ

হইলে ইংরেজেরা বাস্তবিক বিজ্ঞানী হইয়াও কদানি স্থী ছইতে পারিতেন না। ক্রমেন ভাঁছাদিগকৈও করাসীদিগের রীতিনীতি গ্রহণকরিতে হইত—তাঁলাদিগের জন্মভূমি, প্রদেশাধিকারের নায় রাজ-প্রতিভ্রারা শানিত হইত—ইংলণ্ডের সমুদায় ধন ক্রান্সে গিয়া পড়িত—এবং ফ্রান্সের নিকটবর্তী অরি-রাজ্ঞা সমস্তের সহিত যে সকল সুদ্ধ ঘটনা অর্কণ ঘটিত, ইংরাজনিগকেও তাহাতে বিলিও হইতে হইত। তাহা হইলে ইংরাজদিগের বল ঐ সকল মুদ্ধেই পর্যাবনিত হইয়া যাইত। উহারা একণে যে প্রকার প্রিয়ার চতুর্দ্ধিকে বাণিজ্য এবং উপনিবেশ বিস্তার করিয়াছেন, বোধ হয়, তাহার শভাংশের একাংশও ঘটিয়া উঠিত না।

যাহাহউক, পঞ্চমহন্ত্রী একটা নিশু সন্তান রাথিয়া লোকান্তর গমন করেন। মৃত্যুকালে তিনি 'ডিউক
ফা বেড্কোড কে' ফুক্রান্ডারাজ্য শাসনের ভারার্গণ
করেন ও 'ডিউক অব গুসেফ্টারককে' হিংলণ্ডের কর্তৃত্ব দেস, আর 'ডিউক অব গুমোরিককে' নিজ সন্তানের শিকা ও লালন পালনের ভারা ণি করেন। যঠ
হন্ত্রী অবিলম্বে ইংল্ডের এবং ফুক্রের রাজা
বলিয়া প্রার্থিত হইলেন। পূর্কক্রান্তারান্তের প্রভ্র ক্রম চার্ল স্বাস্থ্যের দক্ষিণভাগে ক্তিপর সহস্র ক্রট্জাতীর ভৃতিভূক সৈন্য লইয়া অবন্ধিতি করিতে
লাগিনেন। তাঁহার কোন রাজশান্তিই রহিল না। ডিউক অব বেড্কোডের ইচ্ছা হইল দে, একেবারেই তাঁহার সমুদার বল বিলম্ভ করেন, এই ভাবিয়া তিনি একদল সৈন্য লইয়া লইয়র নদীর তীরে উপস্থিত হইলেন এবং অন্য একদল সৈন্য তাঁহার আদে-শানুসারে অলী অনগার অবরোধ করিয়া রছিল। ফলতঃ ক্রান্স রাজ যে ইংরাজদিগের সম্পূর্ণ রূপেই অধিকৃত হইবে, তাহার জার কোন সম্পেহই রহিল না।

किन्छ अभर्यास कहाभी अञ्चागन এই गृहत विश्निय मत्नारमाम करत नाष्ट्रे। जुमाधिकादिरमंडे ইহাতে বিশেষ মনোযোগী ইইয়াছিল। কিন্তু মথন প্রকাশিত হইল দে, ইংলগুীয় রাজা ফ্রান্সের রাজাধিকারী হইলেন, তথন ভয়, লজ্জা এবং ক্রোধ সর্বসাধারণের মনোমধো যুগপথ জাজ্জলামান হই-য়া উঠিল। যে সময়ে কোন জাতীয় লোকের মনো-মধ্যে একটা প্রবলতর ভাবের আবিভাব হয়, তথন কোন ব্যক্তিবিশেযের মারাই সেই ভাবের প্রথম প্র-কাশ হইয়া থাকে। মাহাঁর দারা উহা প্রকাশিত হয়, তিনিই মেই সময়ের প্রধান ব্যক্তি বলিয়া প্রসিদ্ধ হই-या थारकम এবং জনসাধারণৈ তাঁহার অনুবভী হইয়া কার্যা করে। ক্রান্সাদেশীর সমস্ত জনগণের তাং--কালিক মনোগত অভিপ্ৰায় 'জোয়ান অব আৰ্ক' ৰাম্বী একটা যুৱতীর প্রযুখাৎ ব্যক্ত হইয়াছিল। সে मत्मर तांच मचकीय जारविवत्। आत्मानम द- রিতে২ এমনি অনন্য-মনা হইয়া পড়িল ফে, জন্ম-ভূমির উদ্ধার করিবার নিমিত্ত যেন তাহার প্রতিই দৈবাদেশ হইয়াছে, এমৃত নিশ্চয় জ্ঞান করিল। সে আর নিশ্চিন্ত থাকিতে পরিল না, চার্ল সের নিকটে গিয়া আপনার অভিপ্রায় বাক্ত করিল। চার্লস তথন নিতান্ত নিরাশ হইয়া পড়িয়াছিলেন। অতএব অনন্যোপায় ভাবিয়া ঐ কন্যার কথাতেই আপনার বিশাস খ্যাপন করত এইরপ প্রকাশ করিয়াদিলেন ে, 'ছোক্লান্' বাস্তবিক দেবারুগৃহীত হইয়াছে ; উ-হার বারাই আমার রাজ্য উদ্ধৃত হইবে। ইংলগ্রীয় দৈন্যে অলী স্নগর আরোধ করিয়া রাখিয়াছিল। জোয়ান সেই সমুদায় ইংরাজ সৈনা ভেদ করিয়া वाली रिका थीना मामधी बदर व्यासक नृजन देमनिक প্রাবষ্ট করিয়া আসিল। আর তাহার খ্যাতির পরি-সীমা রহিল না। সকলেই তাহাকে অলী সের কুমারী বলিয়া আখাত করিল। কুমারী বেখানে উপস্থিত হন দেই থানেই জয় লাভ করেন। ইংরেজেরা করা-দীনিগকে পূর্বে নিতাপ্ত অবজ্ঞেয় জ্ঞান করিয়াছিল, এফণে তাহারাই ঐ কুমারীর রণপতাকা দর্শন করিলে ভীত হইয়া পলায়ন করিতে আরম্ভ করিল। চার্লস, दीमम् कारत यारेश। ताजगूकू धर्ण कतिलन।

<sup>#</sup> জুলের প্রথম রাজা ক্লোবিস্ রাজধানী পারিসের (পারির)
নিক্টবর্তা এই নগরে রাজ্যাভিত্তিক হয়েনু। প্রনিত আছে,
একটা পারাবত রাজার অভিবেকের নিষিত্ত বর্গ ছইতে তৈল

জোয়ান এই পর্যান্ত সম্পন্ন করিয়া রাজার নি-क है निनाय आर्थना कतितन । किन्त ताका छाँचारक বিদায় দিলেন না। তদ্ধারা আরও অধিক উপকার সম্ভাবনা বোধ করিয়া উহাঁকে যুদ্ধ কার্য্যেই নিযুক্ত রাখিলেন। পরস্ত ইহার কিয়ৎকাল মধ্যে জোয়ান देश्ताकपिरात इन्छगा इहेरलम अवर नुमारम हेरता-জের। তাঁহাকে 'ডাকিনী' বলিয়া জ্বলন্ত অনলে দগ্ধ-করিয়া মঠ করিল। কিন্ত জোয়ানের মৃত্যু হইলেও আর ইংরেজের। প্রবল হইতে পারিল ন।। তাহার। পুন:২ পরাত্তর প্রাপ্ত হইতে লাগিল। ডিউক অর বেড্ফোডের পঞ্জ হইল। এবং ইংলতে নান। বিবাদ উপস্থিত হওয়াতে কেবল কালিস্নগর ভিন্ন আর সমুদায ক্রান্স দেশ স্থাধীন হইয়া উঠিল। ইং-রেজেরা এইরূপে পরকীয় দেশে বলবিক্রম প্রকাশ করিতে না পারিয়া অদেশে গমন করিয়া কিয়ৎকাল . পরস্পর হিংসারসে নিমগ্ন হইর) রহিলেন।

পূর্বেই বলাগিয়াছে নে, তৃতীয় এড্ওয়াডের তৃতীয় পুল্ল লাইওনেল গৈতি বর্ত্তমানেই লোকা-ন্তর গমন করেন। তাঁহার 'কিলিপ।' নাম্মী একটী কন্যা থাকে। 'মটি মর' সেই কন্যার পাণি গ্রহণ করেন এবং 'রজর' নাম। তাঁহাদিগের এক পুল হয়। রজরের কন্যা 'এনের' সহিত রিচাডের বিবাহ

আনয়ন করিয়া দেয়। সেই স্বর্গার তৈল দারাই স্থান চার্গ-সের অভিযেক ছইয়াছিল।

হয়। এই রিচার্ড তৃতীয় এড্ওয়ার্ডের পঞ্ম পুত্রের বংশোদ্ভব ছিলেন। স্বতরাং উহাঁদিগের উভ-য়ের সন্তান 'ডিউক অব ইয়র্ক' ইংলত্তের রাজাসনের ্বাস্তবিক অধিকারী হইতে পারেন। কারণ ইংল-তের বাবস্থারুসারে জোঠ পুত্রের অধিকারী কেহ বর্ত্তমান থাকিতে কনিষ্ঠের অধিকার হইতে পারে ন।। সুতরাং চতুর্থ হন্রী 'ডিউক অব্লাছাইটরে'র পুল আর 'ডিউক অব্ইয়র্ক' লাক্ষান্টরের জ্যের্চ লাইওনে-লের' উত্তরাধিকারী; অতএব ইয়র্কেরই বাস্তবিক অ-ধিকার স্বীকার করিতে হয়। কিন্তু যত দিন চতুর্থ হনুরী এবং তাঁহার প্রতাশশালী পুত্র বর্ত্তমান ছিলেন, তত निन এই সকল कंथात काम উল্লেখই হয় नाई। अक-माना वर्क इन्ती दोकार्गाधकाती इहेल এहे मकन क-থার আন্দোলন হইতে লাগিল। একনা কোন উদ্যান মধ্যে তুই দলের তুইণী স্ত্রীলো:ক এই বিষয়ের তর্ক इटे जिल्ल, टेजिएशा लोडाफे द्वत शकीय कानिनी একটা ব্লক্তবর্ণ গোলাপ ফুল ভুলিয়া বলিলেন "দেখ! যেমন এই কুমুমবর উদ্যানস্থিত অন্য সকল কুমুম অপেকা শ্রেষ্ঠতর,তেমনি হন্রীর অধিকার অন্য সকলের অধিকার অপেকা সমধিক শ্রেষ্ঠ"। ইয়র্ক-পক্ষীয়া কামিনী উত্তর করিলেন 'নো,না, তাহা নহে, দেখ ! এই খেত গোলাপের সৌন্দর্য্য কি পবিত্র ! ইহার প্ৰিত্ৰভাও শেষন, আর এই রাজ্য যাহার ভাগধেয় रम बाक्ति अ टिममि शविज"। अदेत्रभ वानानू वारामत

পর উভয়েই দ্ব মনেশনীত কুমুমহয়কে গ্রহণ করিয়া প্রস্থান করিলেন। ক্রমে এই কথা প্রচরক্রেপ इदेश পড़िन এবং रथन देशदाल देशदाक युद्ध ছইবার উপত্রন্ম হইল, তথন উভর দলেরই এক প্রকার পতাকা, এক প্রকার যোগরার এবং একই প্র-कांत्र अम्याना हिन्द थांकितन, त्रन ऋतन भाका मिञ ভ্রম হইবার সম্ভাবন। হওয়াতে সকলেই ঐ তুই গোলাপের নধ্যে হাহার হেরূপ মনোগত সে সেই প্রকার গোলাপকে আপন ঢালে, বর্ম্মে, পতাকায় এবং মুকুটে চিহ্নিত করিয়া লইল। এইরূপে ইংলগু-দেশ ছুই গোলাপের দলে বিভক্ত হইয়া পড়িল। জ গোলাপরয়ের যুদ্ধে যে কতলোক নম্ট ছইল-কত প্রধানত বংশ একেবারে নিঃশেঘিত ছইয়া श्निल-कड नगत अवश आम जमीवृत इहेन - अवंश কত অবক্তব্য, অঞ্তপূর্ব, নিষ্ঠুরতাচরণ ছইল--তাহা বর্ণন করা যায় ন।। এস্থলে এইমাত্র বক্তবা নে, ডিউক অব্ইয়ৰ্ক স্বয়ং বুদ্ধে গ্ৰু হইটা গাতক হত্তে প্রাণ ত্যাণ করেন। আবার ষষ্ঠ হন্বীও রাজা-চ্যত হইয়া কারাধিবাস প্রাথ হন। তাঁহার পত্নী 'মার্গারেট্' বিনি পুরং তেজবিতা প্রকাশপূর্কক क्षकर्मां । यांगीत अिंजिनिध खत्र रहेग्रा मुक्क करि-श्रीशितन, जिनि क् जिल्ला श्रेनांग्रम केरिया রক্ষা পান এবং ডিউক্ অব ইয়ার্কর জ্যেষ্ঠ পুত্র চ-कुर्य अष्ट् अप्तार्ज देश्लाखत ताकामन अव्यक्ति।

किल এই পর্যার হইয়াই বিবাদের নিশ তি হইল ন। চতুর্ব এড এয়ার্ডরাজা হইয়া আপন সূহাত্তম ডি-উক্ অব্ ওয়ারিকের অপমান সর্বতে, সেই পরা-ক্রান্ত ভূমাধিকারী তাঁহার পক্ষতা পরিত্যাগ করিলেন, এবং শেক্ষী মার্গা রেটের সহিত মিলিত হইয়া পুনর্বার वर्ष इन् तीरक कार्तागात इहै उच्चानग्रन शूर्सक निश्हा-সনে অধিষ্ঠিত করিলেন। কিন্তু চতুর্থ এড্ওয়ার্ডের পক্ষ পুনর্বার প্রবল হইয়। উঠিল। ওয়ারিক পরা-ছুত, মার্গারেট পুনর্বার বিবাসিত, এবং তৎপুত্র নিহত হইল। চতুর্থ এছ্ওয়ার্ড আপন কনিষ্ঠ সেলরেরও প্রাণ ছিংস। করিয়। পরিশেষে ছুই শিও সন্তান রাখিয়া লোকা বুর গমন করেন। উছা-দিগের জোঠ পঞ্চম এডুওয়ার্ড নাম পরি এছ পুর্বক কতিপয় দিবদের নিমিত্ত রাজা হইয়া ছিলেন। পরে তাঁহাদিগের খুল্লভাত উভয় শিশুকেই নম্ট করিয়া আপনি তৃতীয় রিচার্ড নামে রাজা হইলেন। ইনি হদ্ধরাজ ষষ্ঠ হন্ রীরও প্রাণ বিনাশ করিয়াছিলেন।

<sup>\*</sup> ওয়ারিক অতি প্রতাশশালী ভূম্যধিকারী ছিলেন। তিনি
মধন যাহাকে ইচ্ছা সিংহাসনাধিষ্ঠিত করিয়াছিলেন বলিযা
লোকে তাঁহাকে 'কিংমেকর' বা রাজনিম্মাতা, এই উপাধি পূলান
করিয়াছিল। কবিত আছে, ইহাঁর অধিকৃত উপদূর্গ সমত্তের
মধ্যে অনুয়ন দশস্থ্য পরিচারক ভূতা নিভা উহাঁর বানে গান
ভোলনানি করিত। ইহাঁর পরলোক হইলে আর কোন ভূম্যধিলারী এমত পুরুল হইতে পারেন নাই।

পরস্ত রিচার্ড কুলোক ছিলেন বটে, কিন্তু রাজ্য-শাসনের রীতি নিতান্ত মন্দ করেন নাই।

বাহা হউক, ডিউক অব লাকাষ্টরের প্রশোলী গর্ত্ত্র-জাত 'টুডর' নামা একজন ওয়েল্দদেশীয় ভুমাদি-কারীর সন্তান হন্রী, এই সময়ে ফুশন্স রাজ্যে বিবা-দিত হইয়াছিলেন। তিনি কতকগুলি দৈন্য সমতিন্বাহারে ইংলত্তে অবতীর্ণ হইবামাত্র অনেকানেক প্রধানহ ব্যক্তি তাঁহার সহিত দিলিত হইলেন। ১৪৮৫ খ্রীষ্টাব্দে 'বসভয়ার্থের' যুদ্ধে রিচার্ড ইহার নিকট পরাভূত হইলেন। গোলাপদ্যের যুদ্ধ এত দিনের পর সম্পূর্ণবেপ বিরাম প্রাপ্ত হইল।

নোলাপ দ্বের যদ্ধ বিরত হইল, কিন্তু এই যুদ্বের পূর্বে ইংলণ্ডের যে অবস্থা ছিল, একলে আর দেরপ নাই। পরাক্রান্ত ভুলাধিকারিলল প্রার একেবারেই নিংশেষিত হইলা গিলাছে ভুলাকারি-বর্গের পরস্পর যদ্ধ সময়ে তাহার। সকলেই প্রজা সাধারণকে আপনাদিগের পক্ষতাবলম্বন করাইবার নিমিত্ত চেন্টা পাওয়াতে উহারা বিশিন্টরূপে সমাপৃত হইয়াছে—পালি য়ামেন্ট সভাতে যে হাউস্ ভাব কমসা ছিল, তাহা পুর্বে কেবল নামে মাত্র ছিল, অধুনা তাহার অনেক ক্ষমতা রদ্ধি হইয়াছে— ক্ষিদিগের দাসন্থ একেবারে রহিত হইয়াগিলাছে — ব্লিক্রত্তির গৌরব হইয়াছে—এবং পুর্বে আলা ও ছঃম্ এই ছই প্রকার প্রজা ছিল, এক্ষণে উভরের নধ্যবর্ত্তী এক প্রকার মধ্যবিধ লোকের বিশিষ্ট প্রাছ্থভাব হইরাছে। বস্তুতঃ ঐ সন্ত্যে সমুদায় ইউরোপেই সমূহ পরিবর্ত্ত ঘটরা উঠিরাছিল। উত্তমাশ: অন্তরীপ বেষ্টন করিয়া ভারতবর্ধে আগননের
পথ প্রকাশিত হইরাছিল। আমেরিকা আবিষ্কৃত
হইরাছিল। মুদ্রাবন্ধের ব্যবহার আরম্ভ হইরাছিল।
ছিল। আর বাঞ্চনের গুণ প্রকাশিত হওরাতে ুদ্ধ
বিদারেও সম্যক্ পরিবর্ত্ত উৎস্থিত হইরাছিল।
ফলতঃ বেমে সাম্রাজ্য বিনাশের পর যে মহা বিশৃখালা উপস্থিত হয়, এতনিনে সেই সমুদার দোখের
পরিহার ইইয়াছিল।

## क अश्रीय ।

[সপ্তম হনুর:—ভূম,ধিকারিবর্গের ডেজোত্রস—অকমহনুর)—
থান সংক্ষেম প্রাকী—ছন্ত্রীর বক বিবাধ—থট এক এয়ার্ড—
ক্ষেন্ গ্রে—মেরী—এলিজেবেগ্র—কট্রাজী মেরী—এসেনুস—
ইৎস্থের পুভাববালিতঃ!]

স্থ্রম হন্রী ইংলপ্তের রাজাসন প্রাপ্ত হইলে লালাস্ট্রার এবং ইয়কীয়লিগের পরস্পর বিবাদ উপরত হইল। বিশেষতঃ তিনি রাজয়ুর্ট এছ-

ণের অব্যবহিত পরেই চতুর্থ এড়ওয়ার্ডের কন্যা। 'এলিজেবেথের' পাণিগ্রহণ করাতে রক্তও শেক र्गानाभद्दवत मिलन मन्नात इहेल-आत मनामनित হেতু রহিল না। তথাপি হন্রীর রাজ্য কালে ছই-বার তুমুল গোল যোগ উপস্থিত হইয়াছিল। একদা 'লাবট'-দিমনেল্' নামক একজন ভেটিরী-এয়ালার সন্তান কে চতুর্য এচওয়ার্ডের ভাতৃপুত্র বলিয়া প্রকাশ করত ইয়র্কীয়েরা আইয়র্লণ্ডে বিদ্রোহ উত্থাপন করে এবং তথা হইতে ইংলগু পর্যান্ত আদিয়া উপস্থিত হইলে য়দ্ধে পরাভূত হয়। উহাদি-গের প্রতিষ্ঠিত নরপতি হন্রীর হস্তেপড়িলেন। হন্রী উহার কোন দণ্ড করিলেন না। উহাকে আপন অপকারের কর্মে নিয়ক্ত করিয়াই কাত হইলেন। ইহারই কিছুকান পরে 'পর্কিনওয়া-বেক্' নামক একজন ইছদীর পুত্র আপনাকে চতুর্থ এড্ওয়ার্ডের দ্বিতীয় প্রু বলিয়া প্রচারিত করিল। স্কট্লভের রাজাক ভাহার সহায়তা করি-লেন। বর্গভীর ভূমাধিকারীর পত্নী † যিনি স্বয়ং চতুর্থ এড্ওয়ার্ডের সহোদরা हिलन, তিনিও এ ব্যক্তিকে আপনার ভাতৃ পুত্র বলিয়া স্বীকার করি-

<sup>#</sup> ठडूर्ट (इ.मृत्र १

<sup>া</sup> দেরী—ফ্লাঙর্স প্রদেশ ও এই স্থয়ে বর্গণির অধিকৃত ছিল এবং ফ্লাঙর্দের স্থিত ইংরাজদিনের বিশিক লাভসনক ব্যবিষ্ণাচলিত।

লেন। ইংলণ্ডীয় অনেকানেক ভুমাধিকারী হন্রীর প্রতি অসম্ভাই হইয়া গোপানেই উহার পক্ষতাবলম্বন করিতে সম্মত হইলেন। কিন্তু হন্রী উহাদিগের গুপু পরামর্শ সমুদায় জানিতে পারিয়া একংটী করিয়া অনেকেরই প্রাণ বব করিলেন। স্তরাং পার্কিনভয়ার্বেক স্কট্রাজনত্ত সৈন্য সমভিব্যাহারে ইংলণ্ডে প্রবেশ করিয়া আপান পক্ষরিক করিতে পারিলেন না। তিনি রাজ সৈন্য কর্তৃক পরাভ্ত, প্রত, এবং লণ্ডননগরে আনীত হইয়া বিচারাতে ফাঁসি কার্চে উদ্ধ ইইলেন।

ইহার পরে আর হন্রীর রাজ্য কাল কোন বিশেষ উপদ্রব ঘটে নাই। পাছে আবার কোন গোলষোগ উপস্থিত হয় এই শকাপ্রযুক্ত তিনি চতুর্থ এড্এয়ার্ডের প্রকৃত ভ্রাতৃপুজের# প্রাণ বন করিলেন। ভাহাতেই ইয়কীয় রাজবংশ. একেবারে নিঃশে----বিত হইল।

পরে ইংলও রাজ ফট্ল তার রাজা চতুর্থ জেন্-দের সহিত আপন ছুহিতা মার্গারেটের বিবাহ দি-লেন। হনুরীর এই কর্মান অত্যন্ত সূদ্রদর্শীর কর্ম হইরাছিল, কারণ ইহাই ইংলও এবং ফট্লও মিলিত করিবার প্রথম সোপান হর। হন্রী, স্পেইন রাজ-

<sup>#</sup>ইহাঁর মান ওয়ারিক, ইনি °থ এড়ওয়ার্ডের জাতা ক্লারেন্সের পুত্র ছিলেন এবং টৌয়র মাদক কারাগৃহে বছা থাকিয়া উন্মান রোগগ্রন্থ হট্য ছিলেন 1

ছহিতা কাথারীণের সহিত আপন জ্যেষ্ঠ পুলের উদ্বাহ সম্পন্ন করিলেন এবং কিয়দিন পরে সেই পুত্রের কাল হইলে, ধর্মশান্তা পোপের স্থানে অনুমত্তি এহণ করিয়া পুনর্কার আপন দিতীয় পুত্র হন্রীর সহিত ঐ বিধবা সুষার বিবাহ দিলেন। হন্রী অতি কঠিন-হাদয়, স্বার্থপর, অর্থলোভী কিন্তু বুদ্ধিমান্ এবং দ্রদার্শী রাজা ছিলেন। তিনি এমত একটা ব্যবস্থা প্রচলিত করিয়। যান, যাহার প্রভাবে ইংলপ্তের ভূমাধিকারিবর্গ দিন২ হীনবল হইয়া পরিশেষে রাজার একার বশীভূত হইয়া পড়িল। পূর্ব্বে ইংলণ্ডের ভূম্যধিক রিগণ স্বহ বৈপ-ভূক ভূম্যধিকারের দান বিক্রয়ের স্বত্বাধিকারী ছিলেন ন্। স্তরাং কোন ভুমাধিকার থগুং হই-য়। কুদ্র হইতে পারিত না। যাহার যত ভূমিতে অধিকার থাকিত, তাহার উত্তরাধিকারীও একেবারে সেই সমুদায়ের অধিকার প্রাপ্ত হইত। হন্রী এই ব্যবস্থা রহিত করিয়া এমত নিয়ন করিলেন যে, ভুমানিকারিগণ স্ব্য ইচ্ছানুসারে আপন্য গৈ-তৃক বিষয় ভাগ করিয়া দান বিক্রয়াদি করিতে পারিবেন। প্রথমে ভূমাধিকারীর। স্বথ বিষয়ের উপর একপ সম্পূর্ণ ক্ষমতা পাইয়া মহা সম্ভট হইল,

<sup>#</sup>ক্জিনাও ও ইদেবেলার দই কন্যা হয়, জ্যোষ্ঠার নাম জ্যোদানা, কনিষ্ঠার নাম কাথারীন্। জ্যোমানার গর্ভে ৫ম চর্লেস্ জ্যুপ্রহন্করেন।

কিন্ত ছুই তিন পুক্ষের মধ্যেই তাহালিগের আর কাহারও পূর্বের লগার কবি ভূত ভূন্যবিকার রহিল লা। স্তরাং পূর্বেই যেমন ছুই তিন জন ভূম্যধিন কারী মিলিত হইলেই রাজাকে দুমন করিয়া রাখিতে পারিত, ইহার পর আর কথন তাদৃশ ব্যাপার ঘটবার সন্তাবনা রহিল না।

मखम इन्ती ১९०৯ थुः जरक लिक्तित भमन कतित्व ভাঁহার পুত্র অন্তম হন্রী সিংহাসনারোহণ করি-त्तन। देनि प्रथिष्ठ श्रीमन, वावदात्त श्रीजिनक, व्यर्थतारम मूक्त-इख এवर ना हार्छे तेत ও देसकीं में डेडम রংশনস্তুত হওয়াতে সমুদায় রাজ্যের একমাত্র অদ-निक्ष तोकांशिकाती हिलन। युडतार हेनि य, प्रकल লোকেরই অনুরাগ ভাজন হইবেন,তাহার সন্দেহ কি? হন্রী প্রথমেই ফুক্সির সহিত যুদ্ধারম্ভ করিলেন, কিন্তু তাহাতে কোন বিশেষ ফল দর্শিল না। তিনি তাংকালিক প্রতিদন্দী দুক্তি এবং স্পেইনের রাজন্ধ-ट्यत्क्रन्दश्य कथन अक्षरनत कथन अभरतत भक्ता का-বলম্বন করিয়া আপন ধন এবং সৈনোর অপচয় ক-রিতে লাগিলেন। এই কল্মে 'ওল্সী' নামক একজন যাজক ভাঁহার প্রধান উপদেষ্টা ছিলেন। ঐ ব্যক্তি একজন সামান্য ব্যাধের পুত্র ছিল। অক্সফো-टर्जत विश्वविद्यालास अधायन कतिया योजक त्रिङ्ग

<sup>#</sup> জুলের রাজা ১ম সুলিস-এবং সেটনের রাজা পঞ্য চার্লসঃ

আহণ করত সপ্তম হন্রীর বাটীতে পে\রোহিত্য কম্মে নিযুক্ত হয় এবং তথায় রাজপুজের পহিত সর্বাদা সন্দর্শন হওয়াতে চাট্জি দারা ভাঁহাকে বিলক্ষণ বশ করে। সূত্রাং অটন হন্রী রাজ্যপদ প্রাপ্ত হইলে, তিনি প্রিয়তম ওল্-সীরও পদ বৃদ্ধি করিয়া দিতে বিলম্ব করিলেন না। उन्मी ध्रथा उद्देश छेत्रत विमर् इहेरलन, जा-হার পর ইয়র্কের আর্চ বিশপ এবং সেই সময়েই नर्ड होम्रमलरत्तः शरम अভिधिक इहरतम। এই সকল উচ্চ পদ এবং তৎসহ রাজতুল্য বিভব প্রাপ্ত হইয়াও ওল্সীর মনে সস্তোষ জন্মিল ন।। তিনি পোপ হইবেন, এই আশয়ে তাংকালিক অহি-তীর বীর্ঘান সজাট পঞ্ম চাল সের † পক্পাতী হইয়া আপন নরপতিকেও তৎপক্ষতাবলম্বন করাইবার নিমিত্ত সচেষ্ট রহিলেন। কিন্তু চার্ল স্ তাঁহাকে পোপের পদ দিলেন ন।। বহুকাল ভোক-निशं त्रांथितन। शत् अन्मी, होनं मित्र हो कुर्क অনুভব করিতে পারিয়া একেবারে ক্রুদ্ধ হইয়া

<sup>#</sup>এই পদ এক জন প্রধাম সচিবের প্রাণ;—ইনি ছৌল জব লউন মানক সভার সভাপতি এবং 'ইফুনি' ঘটিত ধর্মা-বিকরবের সর্বাধ্যক্ষ হইয়া থাকেন।

<sup>#</sup> উলিখিত পঞ্ম চার্লস কর্মনির ইলেক্টর্নিগের ছার। উক্ত সামাক্ষের কর্তৃত্বিযুক্ত ছইয়া স্থাট উপাধি প্রাপ্ত হয়েল।

উঠিলেন এবং শ্রীপন মহীপতিকেও চার্লসের বিপক্ষ ছইতে মন্ত্রণা দিয়া ইংলণ্ডের সহিত ফ্রান্সের সন্ধি বন্ধন করাইলেন। এইরূপে হন্রী, কিছুকাল ওল্নীর ক্রীড়া-মৃগের ন্যায় তাঁহার মতেই মত দিয়া চলিতে লাগিলেন।

এই সময়ে ইউরোপে এরপ এক আকর্চ্য ঘটনার উপক্রম ইইরাছিল যে, তদ্বারা সকল রাজ্য ও সকল লোকের মন বিচলিত ইইয়া উঠিল। এই ব্যাপার ধর্ম-সংশোধন নামে প্রসিদ্ধ। যথন উইরোপে খ্রীফীর্মা প্রথম প্রবর্ত্তিত হয়, তথন অসভ্য জাতীয়ের। যেহ দেশে ঐ ধর্ম প্রহণ করক না কেন, সকলেই রোমের ধর্ম শান্তা বিশপদি-গের নিকট ব্যবস্থা প্রহণ করিত এবং কোন কঠিন বিষয়ের বিচার উপস্থিত ইইলে ভাঁছাকেই জিজ্ঞা-সাকরিয়া পাঠাইত। বস্তুভ: রোম নগরে বিদ্যার আধিক্য এবং রোমের পূর্ব্ব সন্মান, এই উভয় কারণ বশতঃ রোমের বিশপেরা সকল খ্রীফী ধন্ম বিলম্বী-দিগের গুরু হইয়া উঠিয়াছিলেন। উইারাই পোপা উপাধি প্রাপ্ত হন।

পোপোরা বহুকালাৰথি ইউরোপথও মধ্যে জ-ব্যাহত প্রভাব প্রচার করিয়া আসাতে,ক্রমে২ মথে-চহুব্যবহার করিতে লাগিলেন। কোন কল্মের নির্মিত

<sup># &#</sup>x27;পোপ' অর্থাহ শিতা।

অর্থের প্রয়োজন হইলে জাঁহারা প্রান্ধকত ক্রিক্তি
সমূহ বিক্রীত করিতেন! পুরুর্কেই এইরপ করাতে
কোন বিশেষ গোলষোগ উপদ্থিত হয় নাই।
পারত মুদ্রাযন্তের কফি হইরা অবধি পুরুক সংখ্যার
র্দ্ধি ও তম্পুলোর হ্রাস হওয়াতে জনসাধারণের
মধ্যে বিলক্ষণ বিদ্যাচর্কার প্রাত্তর্ভাব হইয়াছিল।
লোকের বিদ্যার্দ্ধি হইলেই স্বাতন্ত্র্য জন্মে, অর্থাৎ
বিদ্যাবান ব্যক্তিরা স্বয়ং সদস্থিবেচনায় সক্ষম
হইয়াথাকেন; স্তরাং কেবল অন্যের কথাকেই ক্রন্ধজান করিতে পারেননা। পোপেরা, যে কিরপ্রপ্রাক্তির স্কৃতি সমত্তর দান বিক্রয়ের অধিকারী ইইয়াছিলেন, ইহা সহজেই তাদৃশ ব্যক্তিন
বর্ণের িজ্ঞান্য হইয়া উঠিল।

এই সময়ে জন্মনি দেশে 'লুখর্' নামা একজন স-ম্নানী, পোপ কর্তৃক নিজ সম্পূদায়ের অপমান হই-য়াছে বোধ করিয়া,ঐ পুণ্য-বিক্রয় ব্যাপারের বিভঃ ম বন্ধ্য করিতে আরস্ত করিলেন। পোপের পক্ষীয়

<sup>#</sup>খৃষ্টি, মৃত্যুষাতদা সহ করিয়া মনুষ্টিত পাপের প্রাথাকিত করিয়াছেন। রোধান কাথলিকের। বলেন যে, খুটিউর সূক্তি এত অধিক যে, সমুদায় পাপের প্রায়াকিত ছইয়াও অ-লেক উত্ত ছয়। খৃটের প্রেয় শিষ্য পীটর সেই সমুদায় পুক্তের অধিকারী এবং পোপেরা সেই পীটরের উত্তরাধি-কারী বলিরা ভাষাতে স্ত্রাম ছইয়াছেন; অতএব অব-শ্টই ভাষার দান বিজয় করিতে স্বর্থ!!

পিণ্ডিতেরাও তাঁহার সহিত বিচারে প্রবৃত্ত হইনেন।
উভয় পাক্ষ বত তর্ক বিশ্লেক হইতে লাগিল, প্রোভ্বর্গ
ততই আপনাদিণের চিরাগত ধন্ম প্রণালীর দোব
সমূহ দেখিতে পাইল। পরিশেষে লুগর বভাবলম্বীদিশের এই সিদ্ধান্ত হইয়া উঠিল যে, ধন্ম বিষয়ে
পোপের কোন শক্তিই নাই। পোপ উহার্দিগকে
সভিশপ্ত করিলেন, এবং কোনহ রাজা ভাইদিগের
বিনাশার্থ অন্ত্র ধারণ করিলেন। কিছ্ক লুধর
মতাবলম্বীরা পোপের লাপকে তৃণ জ্ঞানও করিল না
এবং জভিনন মতাবলম্বী রাজা ও ভুমাধিকারিবর্গ
উহাদিণের রক্ষার্থে প্রতৃত্ত হইলেন।

ইংলগুরাজ অন্তম হন্রী,তংকাল প্রচলিত শাস্ত্রসমস্তে অতি স্পাপ্তিত ছিলেন। তিনি এই ধন্ম গুল্লেল
অন্ত্র ধারণ না করিয়া লেখনী ধারণ করিলেন এবং
পোপের মাহাত্ম্য পরিপোষক এক স্বন্থং প্রস্থ বির্চিত্ত করিয়া পোপের নিকট পাঠাইয়া দিলেন।
পোপ, প্র প্রন্থ দেখিয়া অভ্যন্ত সন্তম্ভ ইইয়া
ইংলগুদিপতিকে 'স্থল্ম রিক্তা' এই উপাধি
প্রদান করিলেন। ইংলগ্রের রাজারা প্র সমর
অবধি উক্ত উপাধি ধারণ করিয়া আসিতেছেন।
তাঁহাদিগের আধুনিক ধর্ম আর সেই পূর্বাকালের
রোমান কাথলিক ধর্ম লাই। উহারা বছকাল হন

<sup>#</sup> भक्षम हार्जनह छाहादिकात क्रमाना ।

ইল প্রটেড়া টক মতাবল্দী হইর ছেন। তথালি
পোপ-প্রদক্ত ঐ উপাবি পরিতাগ করেন নাই।
কিন্তু যে হন্রী পোপের পক্ষপতিী হইয়া এতাদুশ তর্কবিতর্ক করিয়াছিলেন, তিনিই ইহার কিয়ুদ্ধলন মধ্যে পোপের প্রবল শত্রু হইয়া উঠিলেন।
প্রকৃত্তদর্শী পশ্তিতগণ উত্তম কহিয়াছেন মে, ধর্মের
প্রতি শ্রন্ধা, কখন তদ্বিষয়ের তর্কবিতর্ক দারা দৃঢ়ীদুভ হয় না। হন্রীরও তাহাই হইয়াছিল। তিনি,
যে পোপের সমান ও প্রভুর রক্ষার নিমিত্ত এত
মত্র করিলেন, যখন সেই পোপ তাঁহার মুপাবৃত্তি
পরিপুরণের প্রতিবন্ধক হইয়া উঠিলেন, তথন
তাহার আজ্ঞানজ্যন ও অন্যান্য বিবিধ প্রকারে
জপমান করিতে কিছুমাত্র ফ্রেটি করিলেন না।

পূর্নেই বলা হইয়াছে যে, সগুন হন্ নী পোপের ছানে অনুনতি গ্রহণ কবিয়া আপন, জ্যেষ্ঠ পুত্রের বিধবা ভার্যা কাথারী ণের সহিত হন্ নীর বিবাহ-সম্পাদন করেন। হন্ নী সেই বিবাহে অসম্মত হন নাই। তাঁহার ওরদে কাথারী নের গর্মে 'মেরী' নাবে একটা কন্যা জ্মিয়াছিল। বহুকালের পর হন্ নী আপন সীমন্তিনীর সহচরী একটা মুবতীকে অবলোকন করিলেন। উহাঁকে দে- থিয়া অবধি তাঁহার পূর্বে বিবাহ যে, শাস্ত্র সিদ্ধ

<sup>#</sup> याशाहा পেংপের ক্ষমতার পুতি 'প্রোটেউণ অর্থাৎ অনু ব্যাকার-ব্যাপন করে ভাষাদিগকে প্রেটেউটাউণ বলে।

হয় নাই, ইহা স্পান্তই বোধহইল! অতএব, তিনি পোপের নিকট অসুষ্তি প্রার্থনা করিলেন যে, আপনি, আমার বিবাহ শাস্ত্রসন্মত হয় নাই ৰলিয়া আমাকে দিতীয়বার দার পরিএছে অমুমতি কৰুন। পোপ মহা বিপদে পড়িলেন। কাথারীন পঞ্ম চার্লদের মাতৃস্বস। কাথারীনের অপমান করিলে চার্ল ক্রুদ্ধ হন, আর তাহা না করিলে অফীম হন্রী বিরক্ত হইয়া উঠেন। অ-তএব শীঘু কোন উত্তর না করিয়া তিনি ঐ বিবাহ শাস্ত্রসন্মত হইয়াছে কিনা, ইহার বিচারার্থ किछि विमार्गिन वाकित्क नियुक्त कितिलन अवश যাহাতে কাল বিলম্ হয়, এমত করিতে শিখাইয়া 'দিলেন। বিচার চলিতেই ল'গিল। এ দিকে হন্রীও মহাব্যস্ত হইয়া উঠিলেন—তাঁ-হার আর বিলম্ব সহু হয় না। বিচারকর্ত্ যাজক-निरागत मरधा इन्तीत थिया उम अल्मी अ ছिलिन। তিনি পোপের অনভিমত করিতে পারেন না; সুতরাং রাজা তাঁহার প্রতি নিতান্ত বিরক্ত হ-ইয়া উঠিলেন এবং ভাঁহাকে সকল কর্মচ্যুত করিয়া সভাহইতে দূর করিয়া দিলেশ ওল্দী মনোতু:থে পঞ্জ পাইলেন। মরিবার সময় তিনি বলিয়াছিলেন "হায় ! আদি যের খ ষত্র করিয়া রাজদেবা করিয়াছি, যদি ঈশার ষেবার্থ তাহার অর্দ্ধেও যতু করিতাম, তবে এই রদ্ধাবস্থার

ভগদীশর আমাকে পরিত্যাগ করিতেন না,।
ফলতঃ ছুক্ট লোক মাত্রেবৃদ্ধ এই এক সুমহ দুঃশ্ বে, তাহারা মাহাদিগের মনস্থাটির নিমিত ছুক্মর্মে প্রায়ত হয়, সেই সকল লোকও তাহাদিগের প্রতি ক্লতজ্ঞ ব্যবহার করেনা।

ওল্সী মরিলেন, এখানে 'ক্রান্মর্' নামা এক জন পাণ্ডিত রাজাকে এই পরামর্শ দিলেন যে, এমন তুরত বিষয়ের বিচার ছ:ল পোপের অভিমতের অপেক্ষা ना कतिता, शक्र बाता चलनीय अवश देवस्मिक প্রধান প্রধান চতুষ্পাঠীর অধ্যাপকদিগের মত এহণ করাই মৃক্তিসিদ্ধ। এই কথা হন্রীর মনে লাগিল। তিনি ভাগ পত্র করাইলেন। বিধবা ভ্রাতৃ পত্নীর পাণিগ্রহণ যে শাস্ত্র বিক্তর তাহা সপ্রমাণ इंडेल এবং इन्ती त्रई शूर्अपृष्ठे, मत्नाज - त्रभा েঅনার্লিনের 'পাণিগ্রহণ করিলেন। পোপ, এই বিষয়েহ সন্মতি প্রদান করিলেন ন।। এদিকে আনা-বুলিন্ স্বয়ং লুথর মতাবল্যিনী ছিলেন। অতএব হন্রীর সহিত পোপের মহাদেষভাব উপাহিত হৈইল। তিনি বার্থাপিত করিলেন যে, ইংলপ্তের ধর্ম শাসনে পোপের কোন অধিকারই নাই—ইহা-ভ রাজারই সম্পূর্ণ অধিকার। হন্রী এই মত প্রচার **ক্রানেন বটে, কিন্ত তিনি পূর্ব্ব-ধর্ম প্রণালীর কোন** बर्भ পরিবর্ত্তি করিলেন না। ওদিধরে সম্পূর্ণ ্রোগান কাথলিকই হইয়া রহিলেন। অতএব হন্রী

একদিকে রোমান কাথলিকের শক্র, আর আন্যানিকে লুথরমতাবলম্বী প্রোটেটানিলিবের শক্র হইরা উত্তর পাক্ষকেই বিস্তর পীড়া দিতে লাগিলেন । মাহারা তাঁহার মতে মত দিয়া চলিত,তাহাদিগেরই রক্ষা; যাহারা উত্তর মতের মধ্যে কোন মতে দৃঢ় প্রতীতি প্রকাশ করিত, রাজাজ্ঞানুসারে তাহার। আনেকেই যাতকের অক্সমুখে পতিত হইতে লাগিল।

বৎসহরক কাল মধ্যেই রাজীর এক কন্যা সন্তান खिन। ८ई करारित नांभ 'अनिटक्टरथे'। किन्न হন্রী কার রাজ্ঞীর প্রতি প্রসন্ন ছিলেন ন। তিনি ইহার সথী 'জেন্ দেমুরের' লাবণা দর্শনে গোহিত হইয়া তাঁহাকেই সিংহাসনার্চা করিতে বাসনা कतित्वन । व्यक्तित्वरे जाना क्रित्नत वः क्रितं दात्र প্রকাশিত হইল। তদ্বিবরে তৎক্রাথ বিচারা<del>ন</del> त्र इहेन, तांकी विषाद अभतांतीनी इहेटा ने এবং অবিলয়ে দণ্ড বিধান হওয়াতে তাঁহার মন্তক हिंद इहेल। श्रेत निवम इन्ती, क्लम ममुद्रात श्रीनिः প্রহণ করিলেন। জেন দেমুর ত্রুবর্ষ মধ্যে পুত্তল বতী হইয়। নিজ দেভিগি বুলি প্তিকাগুরিই लाकश्वित गमन कतितन । हेरीत श्व 'a seशांकी প্রিক বব্ ওয়েল্স উপাধি প্রাপ্ত হইলেন। হন্ ইহার পর কাথারী। হোয়ার্ড লালী কামিনীকো বিবাহ করেন। ভাহার বাস্তবিক ব্যভিচার বেশকু

প্রাকশি ছওয়াতে দে ছাতককর্ত্ক বধ্য হয়।

হন্রীর পঞ্চম পাত্নীর নাম 'আন্ অব ক্রিবস্'। ইংল
গুরাজ বিবাহের পূর্বের ইহাঁকে দেখেন নাই। কোন

চাটুকার চিত্রকর ছারা চিত্রিত ইহার চিত্রপট দর্শন

করিয়াই বিবাহ করেন। পরে যখন ইহার
প্রক্ত অবয়ব দর্শন করিলেন, তখন অবিলম্থেই
পরিত্যাগ করিলেন। ইহার পর হন্রীর আর একটা
বিবাহ হয়। দেই স্ত্রীর নাম কাথারীণ পার্। এই

স্ত্রীলোকটা বিলক্ষণ বৃদ্ধিনতী ছিলেন। তিনি

অনেকবার কোশল করিয়া হন্রীর ক্রোধ হইতে

মুক্ত হন্ এবং পরিশেষে হন্রীর লোকান্তর গম্ন

ইইলেও স্বয়ং জীবিতা থাকেন।

অন্তম হন্ত্রীর মৃত্যু হইলে তাঁহার পুত্র বর্চ
এত্ওয়ার্ত সিংহাসনারোহণ করিলেন। তাঁহার
রাজাকালে প্রটেকীন্টমত ইংলণ্ডে বন্ধমূল হইল।
রোগানকাথলিক মঠগারী সমাসিগণ সকলেই স্বহ
ক্রিয়ার্থটি হইল এবং দৈনিক প্রার্থাল প্রশান্ত
ইংরাজী ভাষায় প্রস্তুত হইল। কিন্তু রাজা অপ্রাপ্তরাবহার ছিলেন্। 'ডিউক অব সমর্সেট' নামা প্রসিদ্ধ
স্থানিকারী রাজরি প্রতিভূ হইয়া একাল পর্যায়
রাজনীর্বা নির্বাহ করিতেছিলেন। অনন্তর 'আলন্বে ওয়ারিক্' নামা একজন ত্রাকাজক ভূমাধিকারী
ক্রি রাজপ্রতিভূর প্রাণ বধ করিয়া স্বয়ং সর্বাক্র

না । তিনি রাজাননেরও প্রতি লোভ করিয়া আপন পুত্র 'গিলফোর্ডডড্লির' সহিত নানা ওণ-वजी ' (अम्र श्रंत ' विवाह मण्यां मन कतितन। এই জেন্ত্রে ইংলভ্রের রাজ বংশীয়া ছিলেন। পূর্বেই উক্ত হইয়াছে, দপ্তম হন্বীর জ্যোষ্ঠাকন্যা মার্গারেটের সহিত স্কট্লগুরাজ চতুর্থ জেম্সের পরিণয় হয়। ভাঁহার দ্বিতীয়া কদ্যা মেরীর সহিত ফ্রান্স রাজের বিবাহ হইয়াছিল। এই মেরীর ছুই কলা। হয়। তাহারই এক ক্ল্যার গর্ভে, জেন্থে জন্ম এইণ করেন। অফীন হন্রীর সহিত তাঁহার জোষ্ঠা ভগিনীর পতি স্কট্লণ্ডের রাজাযুদ্ধ করিয়। নিহত হন। হন্রী সেই ক্রোধে আপন মৃত্যকালে এইরপ 'উইল্' করিয়াছিলেন যে, তাঁহার মৃতুর পর ষষ্ঠ এডওয়ার্ড ও তুৎপরে তাঁচার প্রথমা রাজ্ঞী কাথারীণের গর্ভন্ধাতা মেরী ও তাহার পর আনার্-लिटनत कना। 'अलिटजटवध' त्रांकारिकातिनी इटेटनमः জার ইহারা যদি সকলেই নি: সন্তান হইয়া লোক্তির গমন করেন,তবে জ্যেষ্ঠাভগিনী মার্গারেটের বংশ অ-ধিকারী না হইয়। দিতীয়া ভগিনীর বংশীয়গণ রাজা-সন প্রাপ্ত হইবেন। ওয়ারিক,এড্ওয়ার্ডকে আর একটা উইল করাইলেন। তদ্ধারা রাঙ্গার এইরূপ অভিনত ৰ্যক্ত হইল ৰে, কুঁহিার নৈমাত্রেয় ভগিনীম্বর কেইই व्राकाधिकात आश हहेट शांतित्व ना। कन्न গ্রেই ভাঁহার রাজ্যাধিকারিণী হইবেন। অপেবয়ক্ষ

রাজা এইরপ উইল করিয়া অত্যাপকাল মধ্যেই লোকিকী লীলা সহরণ করিলেন। তথন ওয়ারিক আপন পুত্রবধূকে দিংহাসনাধিরতা করিয়া আল পন অতীট সিদ্ধ করিলেন। জেন্থ্যে অতি স্থালা ও সদ্বিসাবতী ছিলেন। তাঁহার ইচ্ছা ছিল না যে, অন্যায় করিয়া রাজাসন প্রহণ করেন। কিন্তু বদ্ধুবর্ণের অনুরোধে তাঁহাকে রাজ্যভার প্রহণ সমত হইতে ইইয়াছিল।

किन उद्देशिक के जांत्र अधिक काल वहम कतिएज ছয় নাই। অন্তম হন্রীর জোঠ। কন্য মেরী আপদ পক্ষীয় জনগণ সম্ভিব্যাহারে লণ্ডনের অভিমুখে আগমন করিতে লাগিলেন। পথিনধ্যে তাঁহার দৈনাদংখা। ক্বদ্ধি হইতে লাগিল। ওয়ারিকের मन मिनर की। **इहेग्रा शिक्ता।** अवरशस्य जिनि পুত্র ও পুত্রবধূ সমেত মেরীর হন্তগত হইলেন। भारती, उद्दोतिराव मकलरकई क्रास्य विनाम क्रिलिन। जिन्दितागान काथनिक धर्मा वनिष्ठमी जिलन। अड-এব প্রটেষ্টান্ট মতাবলদ্বী পর্ম সাধুগণক্ষে অগ্নিতে मक्ष कतिश मध्ये कतिए नांगितन। इशह, नांगित, রিজ্লী, ক্রান্যর প্রভৃতি মহোদয়েরা এইরূপে বিনষ্ট ছইলেন। মেরী আপনি যেমন গৌড়াকাথলিক ছি-্লেন, তেমনি গোঁড়া কাথলিক স্পেইনরাজ দ্বিতীয় কিলিপকে বিবাহ করেন। কিলিপ, উহাঁকে কিছুমাত্র

<sup>\*</sup> रेन १६म हार्स नेत्र शूध दिलन। एक मनारे हराँ। इस

মেহ বা সন্ত্রম করিতেন না;কিন্তু মেরী ফিলিপের জন্য একান্ত উদ্বিগ্ননা হইতেন। ফিলিপের সহিত ফ্রান্স রাজের\* যুদ্ধ হয়। মেরীও সেই যুদ্ধে আপন স্বামীর পৌষকতা করিতে যান। তাহাতে ফরাসীরা কালিস নগর অধিকার করিয়া লয়। এই নগর তৃতীয় এড্ওয়া-র্ডের সময় পর্যান্ত ইংরাজদিগের অধিকৃত ছিল। এ-ক্ষণে তাহা হস্তবহিছুত হওয়াতে সকলেই মনে২ মহাত্র: থিত হইল। মেরী স্বয়ং বলিয়াছিলেন, কালিস নগরের নাম আমার হৃদরে কোদিত হইয়া গিয়াছে. আমার মৃত্যুর পর যদি কেহ বুক চিরিয়া দেখে, তবে ঐ নাম অভিত রহিয়াছে, দেখিতে পাইবে। মেরীর মৃত্যু হইলে তাঁহার বৈমাত্রেয়া ভগিনী এলি-জেবেথ ইংলতের রাজ্ঞী হইলেন। ইনি প্রটে-ফীন্ট মতাবলম্বিনী ছিলেন; অত এব মেরীর প্রবর্ত্তিত রোমান কাথলিক ধন্মের পুনর্কার উচ্চেদ হইল। এলিজেবেথ অতি বৈচক্ষণ্য সহকারে রাজ্য শাসন করিতে লাগিলেন। তাঁহার মন্ত্রিবর্গ বর্লি এয়া-লিসিংহাম্ বৈকন্' প্রভৃতি মহোদয়গণ অতি উৎকৃষ্ট রাজনীতি জ ছিলেন; অতএব ইংলও দেশ এই সম-ষে অতি প্রবল ও বিভবশালী হইয়া উঠিয়াছিল।

রাজ্ঞী এবং তাঁহার মন্ত্রিবর্গ তাদৃশ বিচক্ষণ

হতে রাজ্য ভার নমর্পন করিয়া স্বয়ং বিষয় কর্মা ছুইতে জাবসুগ্রু। ছয়েন।

<sup>#</sup> विভীয় হন্রী।

না হইলে ইংরেজের। এই সময়ের বিপাদ সমূহ উত্তীর্ণ ইইতে পারিতেন না। প্রথমতঃ রোমান্-কাথলিক রাজগণ প্রায় সকলেই এলিজেবেথের ফেম করিতেন। পোপ ও উহাঁকে বাস্ত-বিক রাজ্যাধিকারিণী বলির। স্বীকার করেন নাই। আর স্কট্লণ্ডের রাজ্ঞী মেরীও আপানাকে ইংল-ভের প্রকৃত অধীশ্বরী বলিয়া প্রকাশ করিবার উপা-ক্রম করিয়াছিলেন। এই মেরী সপ্তম হন্রীর কন্যা মার্গারেটের পোক্রীছিলেন।

কিন্ত মেরীর নিক্সিতা এবং কালের গতিকে ঐ মেরীকে অত্যাপ কাল মধ্যেই এলিজেবেথের করকবলিত হইতে হইল। তাঁহার রাজ্যে "যন্ मक्म" नारम अकजन गांजक অভिনय প্রটেষ্টান্ট ধর্ম প্রচার করিতে আরম্ভ করিলেন; অ.ন-क्ट माटे गठ वनशी रहेल। किन्न माती खार রোসানকাথলিক ছিলেন। অতএব ইংলতে দেমন রাজার সাহায্যে প্রটেষ্টান্ট মত প্রবর্ত্তিত হই-ग्राहिन कृष्ट्ला जारा रहेट शाहिन ना। প্রথমতঃ প্রজাসাধারণের মধ্যেই তৃত্ন মত শরিবর্ত্তিত হইয়। থাকে। 'ছোট' লোক' মাত্রেই মে মত গ্রহণ করে, তাহাতে একেবারে উন্মত্ত । ছইয়া উঠে। স্ফলতে এইরূপ হওয়াতে পূর্ব খনের প্রতি সাতিশর ঘৃণা, ছেব এবং বিরাগ প্রবল হইয়। উঠিল। নেরী তৎকর্তৃক নিভান্ত উন্

ভাক্ত হইয়া উঠিলেন। তাঁহার প্রজারা উহার ভয়ে গোপানে এলিজেবেথের সহিত পরামর্শ ক-तिए लाशिल। शतिरमस्य स्मृती अकृषः गूर्षा श-রিয়। ইংলণ্ডে পলাইয়া আসিলেন। তাঁহার মনে২ ৰড় আশ। ছিল যে, এলিজেবেথ সহায়তা করিবেন, কিন্ত তাহা হইল না। মেরী ইংলতে কোন উপ-पूर्गमाधा निक्क रहेश। थाकित्नमं। उथन जिनि कि করেন, আপন উদ্ধারার্থে যত্ত্বতী হইয়া এলিজে-বেশ্রে বিৰুদ্ধে যে সকল ষড়যন্ত্র হইতেছিল, তাহাতে সম্বতি প্রদান করিতে লাগিলেন। সেই সকল বড়-যক্ত প্রকাশ হইয়া পড়িল—মেরীরনামে অভি-যোগ হইল—তাঁহার দোষ প্রমাণ হইল এবং তিনি যাতক দ্বারা নিহত হইলেন। ইহার পর আর এক ঘোরতর বিপদ উপস্থিত হইয়াছিল। স্পেইন দেশের রাজ। 'দ্বিতীয় ফিলিপ' যিনি ইংলণ্ডের পূর্ব্ব-রাজ্ঞী দেরীকে বিবাহ করেন, তিনি ইংলও দেশ অধিকার করিবার বাসনায় অতি প্রকাণ্ড২ রক্ষপাত প্রস্তুত করিয়। ঐ দেশ আক্রমণ করিলেন। লিপের তাৎকালিক বিভবের পরিসীমা ছিল মা। স্পেইন, পোটু গাল, বেল্জিয়ন এবং হলও, এই চা-বিটা প্রবল ইউরোপীয় জনপদ তাঁহার অধীন। আমেরিকার মধ্যে গেক্সিকো, পেক, চিলি, ত্রেজিল প্রভূতি সূবর্ণ-প্রসবা ভূমি সকল তাঁহার অধিক্ত-এবং আসিয়া থতে ফিলিপাইন পুঞ্ল প্রভৃতি অনেক

দ্বীপমালা তাঁহার রাজ্যের অন্তর্গত। এতাবৎ সমুদার দেশের একাধিপতি রাজা যথাসাধ্য যত্ন করিয়া রণ-পোত ও সৈন্য সমাবেশ করত ক্ষুদ্র ইংলগু দ্বীপের প্রতি প্রেরণ করিলেন। সকলেই সশক্ষ হইল। ইউ-রোপের রাজা প্রজা সকলেই ঐ সৈন্য সমাবেশের প্রতি বদ্ধদৃটি হইরা পরিশেষে কি হয়, এই ভাবিতে লাগিল। যদি ফিলিপ জয় লাভ করেন তবে কাথ-লিকধন্মের নিশ্চয় জয়লাভ হয়; যদি তিনি হারেন ভাহা হইলেই প্রটেফান্ট ধর্মের রক্ষা হয়।

এলিজেবেথ আপন প্রজা সাধার।কে উৎসাহ প্রদান করিতে লাগিলেন। তাহাদিগের মধ্যে যাহার। নাবিকতার বিশেষ পটু হইয়াছিল, তাহার। অর্ণব পোতে আরোহণ করিল এবং সকলেই অস্ত্র শক্ত ধারণ করিয়া আপদাদিগের ধন, ধর্ম ও স্থা-ধীনতার রক্ষার্থ প্রস্তুত হইয়। রহিল। স্পেইনের রণপোত সমন্ত অর্কন্তর হইরা ইংলওের অ-ভিমুখে আগমন করিতে লাগিল। তৎক্ষণাৎইং-লগুরি রণপোত সমস্ত উহাদিগের প্রতি আক্রমণ করিল। কিন্তু সন্মুখ-সংগ্রামে প্রবৃত্ত হইতে না পারিয়া মধ্যে আক্রমণ এবং পুনর্কার শীঘু পলা-য়ন করত সাবধান্তা পুর্বেক মুদ্ধ করিতে লাগিল। স্পেইনীয়ের এইরূপ আক্রমণে নিতান্ত ক্ষতবিক্ষত এবং উত্ত:ক্ত হইর। উঠিল। এমত সময়ে ভয় র মঞ্জাবার উপস্থিত হওয়াতে, ঐ সকল রণ-পোত আর কোল কার্য্যকারী হইল না। অনেকেই নাট হইল। কতকগুলি ইংরেজনিগের হস্তগত হইল। এবং অত্যাপানাত্র অবনিষ্ট ভাগা রটন-দ্বীপ সর্দার প্রদক্ষিণ করিয়া অদেশে প্রভ্যাগমন করিল। এই অববি স্পেইনের প্রাত্তলি হ্রম্ম হইতে লাগিল এবং ইংরেজেরা দিনহ বর্দ্ধিত বল হইতে লাগিল জবং ইংরেজেরা দিনহ বর্দ্ধিত বল হইতে লাগিল লেন। এলিজেবেথের সকল শক্রেই এইরপে পরাজিত হইল। কিন্তু তাঁহার পূর্ব্বগত রাজানিগের অন্যায়াচরণে যে একটা শক্রু জবিয়াছিল, তাহার দমন এমত সহজে সম্পার হয় নাই।

পুর্বেক বিত হইয়াছে যে, আয়র্নপ্ত দ্বীপ দিতীয় হনরীর রাজ্যকালে ইংলণ্ডের অধীনহয়।
কিন্তু এপর্যান্ত ঐ দ্বীপ ইংরাজ্যদণের সম্পূর্ণরূপে
বশীভূত হয় নাই। তথাকার ভূম্যধিকারিকুলপাতিগণ অনেকানেক বিষয়ে যথেচ্ছ ব্যবহার করিতেন। আর গোপানেই ইংরাজ্যদিগকে নইটকরিতে পারিলে কখনই ভাহার ক্রেটি করিতেন
না। এইরূপে ঘটিবার কারণ অনুসন্ধান করিতে
গোলে, প্রথমেই দেখিতে পাওমা যায় যে, ইংরাজ্যো
কখনই ভাহাদের আয়র্নপ্তীয় প্রজাগণকে ভূষ্ট করিতে চেন্টা করেন নাই—আপনারা উহাদিগোর ভাষা, শিথেন নাই—আর উহাদিগকেও
আসনাদিগের ভাষা শিথিতে দেন নাই। আইরিশ জাতীয় লোক হইলেই অবজ্যার পাত্র হইত—

আর যে কোন প্রকারে হউক উছাদিগকে নিস্মীভূন করিয়া অর্থ-সংগ্রহ করিতে পারিলেই আপনারা নিশ্চিত্ত হইতেন। বিশেষতঃ ইংরেজ ভুমারি-কারিগণ প্রায় কথমই আপনাদের আয়র্লগুন্থিত অধিকারে গমন করিতেন না। নারেব এবং গোমস্তা দার। প্রজাদিণের নিকট কর আনায় করিতেন। के मुक्त लाक कथनहे अन। शीड़न कतिए क्रिंड করে না। এইরূপে ক্রমে আইরিশ এবং ইংরাজ এইছুই জাতির পরস্পার সন্মিনন হওয়া দূরে থাকুক, পরস্পর দৃঢ়তর বিদ্বেষ ভাব জন্মিয়াছিল। ইংরে-জেরা গর্কিত, নিঠুর এবং সাহসিক হইরা আই-রিশদিগকে পীড়া দিতেন। আয়র্লভীয়েরা ভীত, हरूत, এवर नृगरम इहेश हो या दाता हर दिलानितात যথাসাধ্য অপকারে প্রয়ত হইত। বহুকালার ধ এইরূপ হইয়া আদিতেছিল, এমত সময়ে ইংরে-জেরা প্রেটেটাট ধর্ম পরিগ্রহ পূর্বক আয়র্লতে ঐ ধর্ম প্রচারের নিমিত্ত উপক্রম করিলেন। আ∸ ইরিশের। অনেকেই নিতান্ত অসম্ভট হইল। ইংরেজেরা বল প্রকাশ পূর্বকে আপনাদিগের অভিনব ধর্ম প্রচার করিবার নিমিত্ত চেষ্টা ক-রিতে লাগিলেন। কিন্তু বল প্রকাশ এবং অ্যথা ব্যবহার দারা কথন কোন নূতন ধর্মা প্রবর্তিত হয় না। যে হেতু ইহা সহজেই বোধ হয় যে, ব্যক্তি অন্যায়াচরণ করিতে পারে তাহার ধর্ম কথনই

বিশুদ্ধ হইতে পারে ন।। ধর্ম প্রবর্ত্তার ডানিগের কোন প্রধান দোষ থ কিলে ভাহাদের ধর্ম অবশাই जन गरनद जाया इत। याश्यक्त, जाहितिन लाक नकल विव्रक्त रहेश छेठिल। 'आर्ल अव हे।हेरवान" मामा এकवाङ्कि दांच डेभावि अर्ग कतिया है?-রাজ্দিগের সহিত অবিরত যুদ্ধ করিতে লাগি-लिन। आधर्मध्य मांगन कर्ड। क्टरे के छेहि-রোনকে শাসিত করিতে পারি:লন ন।। পরিশেষে অলিজেবেথের অতি প্রিয়ত্ত আর্মির এসেক্স নামা কোন মুবা পুৰুষ স্বয়ং ঐ কম প্রহণ করিয়া আর-র্মাণ্ড গমন করিলেন। কিন্তু তিনিও অকিঞ্চিৎ কর ছইলেন। এলিজেবেথ তাঁহার প্রতি বিরক্ত হইরা-ছিলেন ৰটে, কিছু ভাঁহাকে কম চ্যুত করেন নাই। এসেক্স আপান দোষ কালণাতি প্রাহ্মীর নিক-টে আসিবার প্রার্থনা বিজ্ঞাপন ক্রিলেন মহারাজ্ঞী তাহাকে নিবারণ করিয়া অকার্ফোই স্থির হইয়া খাকিতে বনিলেন। এসেক্স চিরকাল রাজীর নিকট থাকিয়া প্রশ্রন্থ পাইয়া নিতান্ত অবাধ্য হই-য়াছিলেন। বিশেষতঃ তাহার বয়স্অস্প এবং অভাব উদ্ধৃত ভিল। অতথৰ তিনি ঐ নিবারণ অমান্য করিয়া লগুনে গিলা উপস্থিত হইলেন। রাজী তাহাতে অভিশয় বিরক্ত হইয়াও এইমাত্র ক-হিয়া পাঠাইলেদ য়ে, তুমি সম্প্রতি আমার নিকট আসিওনা আপন গৃহে স্থির হইয়া থাক। হতভাগ্য

अरमक्म श्मर्कात द्राखीत वाका अवरहलन कवित्र মনে২ এই স্থির করিতেন বে লগুদের নাগরিকেরা আ-মাকে সাতিশর স্নেহ করে, অতথ্য আমি তাহাদিগকে व्याञ्चान कृतित्व जनगारे जागात शृष्धशुतक रहेरत। এবং আমি তাহাদিগের সাহায়ে অনারাসেই রাজ্ঞীকে হন্তগত করিতে পারিব, তাহা হইলে শত্রু পক্ষীরেরা আর আমার প্রতি মহারাণীর ত্রোধ জনাইয়া দিতে পারিবে না। ইতনি অবশাই ক্ষমা করিবেন। এসেক্স জানিতেন না যে, তাঁহার প্রতি নাগরিকদিশের বে অনুরাগ তাহা রাজ্ঞীর অনুরাগ হইতেই জন্মিরাছে। রাজ্ঞীর প্রীতি হ্রন্থ হইলে আর উহার বিন্দোত্রও দৃষ্ট হইবেক না ৷ ফলতঃ তাহাই হইল। তিনি রাজায় হ চীংকার করিয়া বেড়াই-লেন। কিন্ত কেহই তঁহার অনুগামী হইল ন।। লাভের মধ্যে তিনি স্পাইই রাজনিমোহী হইয়া উ-र्कितन। उँ। हात्क कार्तावन्ती इटेंट इटेन। अवर তাঁহার নামে অভিযোগ উপস্থিত হইরা বিচারাত্তে শিরশেছদনের অনুগতি হইল। এলিজেবেথ, এদেক্-দের প্রতি সাতিশয় স্নেহ করিতেন। কোন সময়ে তিনি তাঁহাকে আপন হতাক্রীয় সম-र्भं कतिया अटे बलिया निमाहित्तन (में, यनि কথন ডোমার কোন বিপদ উপস্থিত হয়, তবে এই অঙ্বীয় প্রেরণ করিবা নাত্র আমি তোমাকে অব-मारे विश्व रहेरा युक्त कतिव । अहमक्रमत् अड़ि

প্রাণ-দণ্ডের অনুমতি প্রদান হইলে, তিনি ও অনু-बीतकी 'अटकम अन् मकीश्राम' नामी क्लान खीलाहकत षात्रा त्राष्ट्रीतं निकटि ध्यांत्रन् करत्न। किस श खीरनाक আপন স্বামীর অনুরোধে রাজ্ঞীর নিকট অসুরীয় र्थमनि करिएनन नो । युज्रार अरमक्षम श्रीनम् छ इटेंग्रो राम। किन्न अनिकादाथ मार्च व्यविध वांत अक निवंध स्थी इहेट भारतन नाहे। कह जात छै। होत মুখে হাসি দেখিতে পায়েন নাই। বাহা হউক, কিছু কাল পরে বধন ঐ ওচেদ্ অব্ নটিং হাম্ স্বরং পী-ড়িত হইর। মৃত প্রায় হইলেন, তখন এসেক্ স সঘ-শীর নিজ সৃষ্ঠতি শারণ হওয়াতে তিনি রাজীর নিকট আপনার সমুদায় দোষ ব্যক্তকরত ক্ষমা প্রর্থনা করিয়াছিলেন। কিন্তু রাজী তংশ্রবণ মাত্র অতি-মাত্র ব্যথ্য হইর। এ পীড়িত জ্রীলোকের গলা টি-পিয়া বলিলেন "ভোকে আবার ক্ষমা করিব—ঈশ্বর क्या करतम करून-आंधि भौतिव ना" 'अनिट्लरवर्' ইহার পর ক্তিপর দিবস অনশ্বে যাগন করির। र्शद्व लोकोख्व शमन कवित्तम।

এলিজেবেথের রাজ্যকাল ইংলণ্ডের ইতিহাস
মধ্যে অভিশর প্রসিদ্ধ । কারণ, বর্ত্ত নাল ইংরাজ
জাতির বেথ বিষরে প্রাথান্য দৃষ্ট ছইতেতে, এই
সমরে তৎসমুদারেরই মূলপত্তন হয় । ইংরাজের।
নাবিকতার অভিতীয় হইয়াছেন, প্রাসময়ে ড্রেক,
কারেভিস্ প্রভৃতি নাবিক গ্রাণ্ডিনী বেষ্টন করি-

ह। अहिराने। अंकरन मित्रुकिक युद्धक देश्रात्मका অদিতীয়, ঐ সমরে স্পেনীয় রণপোত সকল ইং--ताज निर्गत कर्जुक श्री चूड इस । देश्ताजनिरगत উপনিবেশ এক্তে যত বিস্তৃত আর কাহানিগের अ देवरमिक व्यक्तित उठ विख् ठ मरह, हेरै। इरे वाकाकारल कारमविकाय विकितिया अरमर्ग मात-এয়ান্টর রালে কর্তৃক প্রথম ইংলভীর উপনিবেশ সংস্থাপিত হয়, ক্সিয়ার সহিত বাণিজ্ঞা বিভূত হয় এবং ভাতবর্ষে ইফট্ইপ্রিয়া কোম্পানির প্রথম পত্র পাত হয়। ইংরাজনিগের বন্ত্র-প্রস্তুত-পন্যভাত বেমন অধিক ও উত্তম,আর কাহাদিগেরঙ তত অধিকও উত্তম হয় লা, এই সময়েই সে-ক্রিল্ড এবং বৃদ্ধিহাম লগরে ছুরি কাঁচি প্র-ভৃতি ও নাঞ্চেত্র নগরের কার্পাস নিম্মিত বস্ত্রের গৌরব একাশিত হর । অধুনা, ইংলভীয় কারা শান্তের গেরিব যদিও অদ্যসকল ভাতির অপৈক্ষা ভাষিক না হউক, তথাপি কাহার অ-পৈক। ছাধিক ন্তুন নহে, এই সময়েই ক্লেন্সর দেক্সপিয়র,,বৈশ্জন্সন্ প্রভৃতি মহাকবিগণ প্রাছ-कुछ इक्केलिलन। क्यान देश्नाख्य मुखायस व क्रभ चांबीम ও धाजामित्रात शत्रम छेशकात्रक ध्वश সর্বোৎকৃষ্ট সাময়িক পত্তিকা সমস্ত অনুকৃষ্ প্রসৰ कतिया परिक, राज्यम् भूजा बाज जात्र स्थान रागरम मुखे इस मा, अनिटलटबंदशबु अमरकरे मुजायज आयम

স্থানিত ও প্রথম সমাদ পরে প্রকাশিত হয়। এই
সকল বিবেচনা করিয়া দেখিতে গেলে, এলিজেবেথের প্রতি ইংরাজনিগের পরম ভক্তিরও স্নেহের
কারণ স্পাঠীই বোধ হইয়া থাকে।

## बर्छ ज्यशाय।

ৃ [ পূর্ব জেন্স-পিউরিটান সম্প্রধায়-রোধান কাথলিকবিপের বজবক্ষ কর্মনিতে মুক-পার্লিছাবেটের বলস্ত্রি-প্প্রবচার্লক্ষ আধিকৃতিক পত্রী-কট্বিগের করেনাট-দার্ঘ পার্লিয়ামেট-ক্রন্তর্থক-ইথিপেতেট সম্প্রধায়-রাজার পার্বিও। ]

ফটুরাজ্ঞী মেরী যাহাঁকে এলিজেবেপ বধক-রেন তাঁহার প্র 'কটজেন্ন' ফটলণ্ডের রাজাহ-ইয়াছিলেন। এলিজেবেপ অনুচারছার জীবন বাপন করিয়া লোকান্তর গ্যান ক্রিলে তিনিই 'প্র-থম জেন্ন' উপাধি গ্রহণ পূর্বক ইংলণ্ডের নিংহাসনারোহণ করিলেন। জেন্সের বিলক্ষণ শাস্ত্রবিদ্যাহিল, কোটলাঞ্ছিল, বিভ্ সকল বিদ্যার কার পদার্থ বে জান, তাহা কিছুমার ছিল্না। আর ছুদ্ধি ও সরল বা উলারছিল না। তিনি আপনাকে
অতিশন্ত স্বোধ জ্ঞানকরিতেন এবং সর্বা স্থানীই
নিজ বুদ্ধিনতা দুর্শাইতে চাহিতেন। বাস্তবিক
ভাষার বীশক্তি কিছুমাত্র পরিনামদর্শিনী ছিলনা
আর তিনি ভীকর শেষ্টিলেন।

এकिटबरथत नगामाविष ' शिक्टेतिहोन्' नाटम একটা न्डम ओळीय मञ्जामाय हेश्लर् थापू-ভূত হইতে আরম্ভ হইয়াছিল। ইহার। রোমান कार्थानक शरमात नातम (बक्के) किन, এवर हेश्नरख যেরপ ধর্ম প্রণালী সংস্থাপিত হইয়াছিল,তাহাতে উহাদিগের কিছুমাত্র শ্রদ্ধান্তিলন। । উহারা সর্ব-मार्टे मिर्दे धर्मात एवं कति वदः उक्तमा विनन জেবেথের বিষ-দৃষ্টিতে পড়িয়া অনেক ক্লেশ পাইয়া কিন্ত উহার৷ ভাঁহার সমট্র সম্বিক প্রবল ছইতে পারে নাই। আর ঐ সময়ে উহারা রো-মান কার্থলিক মতাবলম্বীদিণের সমূহ প্রান্তর্ব দর্শনে ভীত হইয়া মনে২ এমত নিশ্চয় করিয়াত্বিল যে, একণে প্রটেষ্টান্ট নত লইয়াই টানাটানি হই-তেছে; যতদিন ঐ মত দৃঢ়তর্রূপে সংস্থাপিত না হয়, তাবৎ কোন অন্তর্বিধার ছারা উহাকে চুর্বল कता युक्ति निष्म मट्ट। कला भिष्ठतिहै। दिनता अ-िलंबादायात बाता निर्वत निन्गी फिंठ दहेश । अर्वमा मिट्ट महाताओत मन्न आर्थमा कतिशोहिल । अद्देशनः

<sup>#</sup> वेदादक अभित्यको लेकोच्च धर्म श्रुकाको वटन।

দিনহ প্রকা হইরা আসিতেছিল। একণে বিকেলা
করিরা দেখিলেই বাধ ইইবে যে, যে সকল লোক
সহসা চিরাগত ধর্ম - প্রণানী পরিত্যাগ পূর্বক প্রবল
প্রতাশ পোপদিগকেও তুল্ছ জ্ঞান করিরাছিল, তাহারা কি কথন কোন সামান্য রাজার অপ্রতিহত
প্রভুত্ব স্বীকার করিতে পারে ? ফলতঃ পিউরিটাদেরা যেমন ধর্ম বিষরে স্বাতন্ত্রা অবলম্বন করিয়াহিল, তাহারা মনেহ রাজ্যশাসন বিষরেও তেমনি
স্বাতন্ত্রা অবলম্বন করা বিধের জ্ঞান করিত। রাজা
যে, প্রজাদিশের উপকারাথেই রাজশক্তি ধারণ
করেন, ইহা যে তাঁহার ওৎপত্তিক ক্ষমতা নহে,
পিউরিটান মাতেরই এই দৃঢ় সংস্কার হইয়াছিল।

কন্ত অপরিণানদর্শী জেন্স, ইহার কিছুই
বুঝিতের না। রাজার মান ঈশ্বরদত্ত—রাজা

যাহা করিবেন তাহাতে না বলিলেই মহা অ
থম হয়—তিনি কিরপ পরামর্শ করিয়া কোন্
কম করিলেন ইহার অনুসদ্ধান করাতেও প্রজ:
দিগের পক্ষেমহাদোষ—এই সকল অ্যাজিক মতের
পোষকতার তিনি সর্মানা বাগাড়দ্বর করিতেন।
বুদ্ধানা মৃপালগন ক্র সকল ছলে অন্যায়াচরণ
করেন, সেই সকল কম বে, প্রজাকুলের উপকারের
নিমিত্তই করিতেত্বন, কোশল পূর্মেক এমত ক
রিয়াদেখান; কিছু জেন্স তাহার ঠিক বিপরীত বাব
হারই করিতেন। প্রজার উপকার করা তাহার

কর্ত্তবা, অতএব করিতেছেন, কদাপি এরপ প্রকাশ করিতেন না। 'আমার ইচ্ছাইইল অতএব করি-লান—আমার কর্ত্তবা বলিয়া করিলাম এমত নহে,— তিনি এইরূপ অভিপ্রায়ই অনুক্ষণ প্রকাশ করিতেন।

বাহাইউক, একে জেনুদের রুদ্ধিগুদ্ধি এইরপ;
তাহাতে আবার যে কাল উপস্থিত তাহাতে অতি
বিচক্ষণ শাসনকর্তাদিগেরও পদেহ ভ্রম এবং বিপদ ঘটবার সম্ভাবনা। পিউরিটান্ দল দিনহ
প্রবল হইতেছে—পার্লিরামেন্ট সভার সদস,গণ
অরুক্ষণরাজার সহিত বিবাদে প্ররত হইয়া রহিয়াছে—ফট্লও হইতে দলেহ লোক" সকল আদিয়া রাজ কন্মের নিমিত্ত প্রার্থনা করিতেছে—
ইংরেজেরা, উহাদিগকে কোন কর্ম কার্য্যে নিয়ক্ত
করিলেই মহাবিরক্ত হইয়া উঠিতেছে—আর রোমান
কাথলিকেরা মনেহ ভাবিতেছে, যে জেন্স স্কট
রাজ্ঞী মেরীর পুত্র, অতএব অবশাই তাহার মাতার স্বধন্মবিলয়া বলিয়া আমাদিগের প্রতি কিঞ্জিৎ
অনুপ্রহ প্রকাশ করিবেন।

ষথন রোমান কাথলিকের। দেখিল, জেন্স তা-হাদিগের কোন উপকারই করিলেন না, তথন তা-হারা মহাকুপিত হইয়া একটা স্থাকণ মন্ত্রণাবধারণ করিল। পার্লিয়মেন্ট সভার সভ্যাগ যে গৃহেমিলিভ, হইতেন তাহার নীচের কুঠরী-গুলি ভাড়ালইয়া, তাহাতে বাফ্র পূর্ণকরিল এবং যে দিন সমন্ত্রি- বর্গ রাজা প্র সভাগৃতে আসিবেন, সেই দিন উহা-তে অগ্নিপ্রদান করিয়া একেবারে সকলের প্রাণ বি-নাশ করিবে এই নিশ্চা করিয়া রহিল। কিন্তু ঘটনা ক্রেমে ইহা পূর্ফেই প্রকাশ হইয়া পড়াতে সকলে রক্ষা পাইলেন। ১৯০৫ মূ:

